

নিউইয়র্কের প্রতি পরিবার পাবেন ৫শ' ডলার

বাংলা পত্রিকা ডেস্ক: চলতি বছর 'ইনফ্লেশন রিফান্ড' চেক পাচ্ছেন নিউইয়র্কের প্রায় ৮০ লাখ নিউইয়র্কার গভর্নর ক্যাথি হোকুল ঘোষিত এই পরিকল্পনার আওতায় *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

আ. লীগের কার্যক্রম নিষিদ্ধের পর দেশে যুদ্ধপরিস্থিতি তৈরি হয়েছে –প্রধান উপদেষ্টা

নিউজ ডেস্ক : বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করার পর দেশের ভেতরে ও বাইরে যুদ্ধ পরিস্থিতি সৃষ্টি হয়েছে। আর এসব করা হচ্ছে দেশকে পিছিয়ে দেওয়ার জন্য এবং গোলামিতে ফেরত নিয়ে যাওয়ার জন্য।

রোববার বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে বৈঠকে প্রধান উপদেষ্টা এসব কথা বলেন বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 34 / May 26, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩৪ ॥ সোমবার, মে ২৬, ২০২৫, জ্যৈষ্ঠ ১২, ১৪৩২ ॥ জিলকদ ২৭, ১৪৪৬

দর্শক-শ্রোতা কম : রাজনৈতিক মতবিরোধে প্রতিবাদ

নিউইয়র্কে অনুষ্ঠিত হলো দু'দিনের 'বঙ্গবন্ধু আন্তর্জাতিক বইমেলা'

বিশেষ প্রতিনিধি: রাজনৈতিক মতবিরোধ-কে কেন্দ্র করে মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান পদ ত্যাগ করে আহ্বায়ক ড. নূরুন নবীর নেতৃত্বে একাত্তরের প্রহরী'র আয়োজনে প্রথমবারের মতো নিউইয়র্কে অনুষ্ঠিত হলো 'বঙ্গবন্ধু আন্তর্জাতিক বইমেলা' নামে মেলা নামে দু'দিনের আরেকটি বইমেলা। শনিবার (২৪ মে) বেলা ১১টার দিকে এই মেলার উদ্বোধন করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব বেলাল বেগ। নিউইয়র্ক সিটির উডহ্যাভেনের জয়া পার্টি হলে আয়োজিত 'বঙ্গবন্ধু আন্তর্জাতিক বইমেলা'য় ১৮টি স্টল বসলেও এতে দর্শক-শ্রোতার উপস্থিতি ছিলো কম। এই মেলার কর্মকান্ডের মধ্যে ছিলো নতুন বইয়ের মোড়ক উন্মোচন, *২৩-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রে বিপাকে বহু বাংলাদেশি: করণীয় কি?

অবৈধভাবে বসবাস: মিলিয়ন ডলার জরিমানা

বাংলা পত্রিকা রিপোর্ট: আদালতের ডিপোর্টেশন আদেশ পাওয়ার পরও যুক্তরাষ্ট্রে দীর্ঘদিন অবস্থান করা অভিবাসীদের বিপুল অর্থের জরিমানা শুরু করেছেন ইউএস ইমিগ্রেশন এন্ড এনোফোর্সমেন্ট জরিমানা বিভাগ। ইতোমধ্যে ডিপোর্ট আদেশ প্রাপ্ত বিভিন্ন দেশের নাগরিককে দেড় থেকে দুই মিলিয়ন ডলার জরিমানা নোটিশ পাঠিয়েছে ইমিগ্রেশন এন্ড এনোফোর্সমেন্ট কর্তৃপক্ষ। সর্বশেষ পাওয়া তথ্যে ইমিগ্রেশন এন্ড এনোফোর্সমেন্ট নিউইয়র্কে বসবাসরত ৫৫ বছর বয়সী এক অভিবাসী বাংলাদেশীকে ১.৮২০ মিলিয়ন ডলার (যা বাংলাদেশি ২২ কোটি টাকা প্রায়) জরিমানা নোটিশ পাঠিয়েছে। আর এতে ডিপোর্ট আদেশপ্রাপ্ত অভিবাসী বাংলাদেশিরা বিপাকে পড়েছেন।

ইমিগ্রেশন বিশ্লেষকদের ধারণা, আদালতের ডিপোর্ট অর্ডার পাওয়ার পর যারা কোন আইনী প্রক্রিয়া গ্রহণ করেননি এমন অভিবাসী ব্যক্তিরা এমন জরিমানার মুখোমুখি হতে পারেন। আর জরিমানার এ বিষয়টি আইনী প্রক্রিয়ায় নিষ্পত্তি না করলে তার যুক্তরাষ্ট্রে থাকা সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত হতে পারে আশংকা করা হচ্ছে।

জানা গেছে, বাংলাদেশি ৫৫ বছর বয়সী ওই ব্যক্তির অ্যাসাইলাম আবেদন ইমিগ্রেশন আদালতে ২০০৫ *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

চারদিনব্যাপী নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা'র সমাপ্ত আজ

লেখক সাদাত আর জুলাই বিপ্লবের বইয়ের চাহিদা বেশী

বিশেষ প্রতিনিধি: 'যত বই তত প্রাণ' শ্লোগানে মুক্তধারা ফাউন্ডেশন আয়োজিত ৩৪তম নিউইয়র্ক আন্তর্জাতিক বইমেলার আজ (সোমবার) সমাপ্তি ঘটছে। চারদিনব্যাপী আয়োজিত এই মেলা শুক্রবার থেকে শুরু হয়েছে, চলবে আজ সোমবার পর্যন্ত। জ্যামাইকা পারফর্মিং আর্ট সেন্টারে আয়োজিত মেলার উদ্বোধক এই সময়ের জনপ্রিয় তরুণ লেখক সাদাত হোসাইন-এর লেখা বই আর জুলাই বিপ্লব নিয়ে প্রকাশিত বইগুলোর চাহিদা ছিলো বেশী লক্ষনীয়। তবে দর্শক-শ্রোতার উপস্থিতির তুলনায় বইয়ের কেনাকাটা হচ্ছে কম, আকর্ষণ ছিলো সাংস্কৃতিক কর্মকান্ড। সংশ্লিস্টরা এসব *১৫-এর পৃষ্ঠায় দেখুন*

রেমিট্যান্সে কর বসানোর বিল পাস: উদ্বেগ বাড়ছে নন সিটিজেনদের

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের কংগ্রেসের নিম্নকক্ষে পাস হয়েছে একটি বিল। যার মাধ্যমে বিদেশে অর্থ পাঠানোর ওপর ৫ শতাংশ হারে কর আরোপের প্রস্তাব করা হয়েছে। 'ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট' নামের এই বিলটি এখন সিনেটের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। সিনেটে অনুমোদন পেলেই এটি আইনে পরিণত হবে। আর এটি কার্যকর হলে নন সিটিজেন অভিবাসীদের যুক্তরাষ্ট্র থেকে রেমিট্যান্স পাঠাতে হলে গুণতে হবে শতকরা ৫% কর। তবে সিটিজেনরা এই কর আওতার বাহিরে থাকবেন।



বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের হাউস অব রিপ্রেজেন্টেটিভসে ২১৫-২১৪ ভোটে অল্প ব্যবধানে পাস হয় বিলটি। এর ফলে যুক্তরাষ্ট্রে বসবাসরত অভিবাসী, ভিসাধারী ও গ্রিনকার্ডধারীরা বিদেশে অর্থ পাঠালে ওই কর দিতে হবে। এইচ-১বি, এফ-১ ভিসাধারীসহ যারা নিয়মিত রেমিট্যান্স পাঠান, তারাও এই করের আওতায় পড়বেন।

ট্রাম্প প্রশাসনের ভাষ্য, বৈধ পথে বিপুল পরিমাণ অর্থ *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

হার্ভার্ডে বিদেশি শিক্ষার্থী ভর্তিতে নিষেধাজ্ঞার একদিন পর আদালতের স্থগিতাদেশ

অনিশ্চয়তায় যুক্তরাষ্ট্রে বিদেশি শিক্ষার্থীদের ভবিষ্যৎ!

নিউজ ডেস্ক : যুক্তরাষ্ট্রের অন্যতম শীর্ষ শিক্ষা প্রতিষ্ঠান হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে বিদেশি শিক্ষার্থী ভর্তির অনুমোদন বাতিল করেছে ট্রাম্প প্রশাসন। হোমল্যান্ড সিকিউরিটির এ সিদ্ধান্তের ফলে বিশ্ববিদ্যালয়টির স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর প্রোগ্রাম সার্টিফিকেশন প্রত্যাহার করা হয়। তবে একদিন পর, শুক্রবার এক ফেডারেল বিচারক এই নিষেধাজ্ঞা সাময়িকভাবে স্থগিত করেন।



- বিশ্ববিদ্যালয়গুলোকে বাড়ছে বিদেশি শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত শংকা
- হার্ভার্ডে নিষেধাজ্ঞার একদিন পর কলোম্বিয়ার বিরুদ্ধে ট্রাম্প প্রশাসনের অভিযোগ

প্রশাসনের অভিযোগ, হার্ভার্ড হোমল্যান্ড সিকিউরিটির অনুরোধে তথ্য সরবরাহে ব্যর্থ হয়েছে এবং ক্যাম্পাসে ইহুদি শিক্ষার্থীদের বিরুদ্ধে বৈরী পরিবেশ সৃষ্টি হয়েছে। হামাসপন্থী মতাদর্শ ছড়ানোর অভিযোগও করা হয়েছে। হার্ভার্ড এসব অভিযোগ অস্বীকার করে আদালতে মামলাও করেছে, যেখানে সিদ্ধান্তকে 'প্রতিশোধমূলক' বলা হয়েছে। বিশ্ববিদ্যালয়টি আশঙ্কা করছে, বিদেশি শিক্ষার্থী *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

নিউইয়র্কে অনুষ্ঠিত হলো প্রথম আমেরিকান কারি অ্যাওয়ার্ড ২০২৫

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের টেরেস অন দ্য পার্ক মিলনায়তনে শনিবার (২৪ মে) অনুষ্ঠিত হলো প্রথম 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড ২০২৫'। খলিল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ ও আশা গ্রুপের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এই ব্যতিক্রমী রন্ধনশিল্প উৎসবের মূল প্রতিপাদ্য ছিল- 'এবার আপনিও হবেন শেফ'। অনুষ্ঠানে দেশ-বিদেশের বিখ্যাত শেফ সহ জর্জিয়া ষ্টেট সিনেটর বাংলাদেশী-আমেরিকান শেখ রহমান



১২-এর পৃষ্ঠায় দেখুন

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বড় ধাক্কার মুখে বাংলাদেশসহ উন্নয়নশীল দেশগুলো

জাতিসংঘের সতর্কবার্তা

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন আমদানি শুল্কের ফলে অনেক উন্নয়নশীল দেশের বাণিজ্য খরচ বেশ বাড়বে। এ কারণে বৈশ্বিক বাণিজ্যে বৈষম্য বাড়ার ঝুঁকিতে পড়বে বাংলাদেশসহ উন্নয়নশীল অর্থনীতির দেশগুলো। এ সময় উন্নয়নশীল দেশের রপ্তানি সম্ভাবনা কমবে পোশাক ও কৃষি খাতে। জাতিসংঘের প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে।

প্রায় এক শতাব্দী ধরে অপরিবর্তিত বৈশ্বিক বাণিজ্যব্যবস্থায় বাংলাদেশের ক্রমবর্ধমান অর্থনীতি ট্রাম্পের শুল্ক আরোপে বড় ধাক্কার মুখোমুখি হয়েছে। তবে শুল্ক বাস্তবায়নে ৯০ দিনের স্থগিতাদেশ অর্থনীতির পালে কিছুটা হাওয়া দিলেও দীর্ঘস্থায়ী ক্ষতির সম্ভাবনা থেকেই যায়। গতকাল বৃহস্পতিবার জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সংস্থা আঙ্কটাড প্রকাশিত 'স্প্যারিং দ্য ভালনারেবল: দ্য কস্ট অব নিউ ট্যারিফ বার্ডেনস' প্রতিবেদনে এমনটি ইঙ্গিত দেওয়া হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের মতো দেশগুলো যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতির মাত্র শূন্য দশমিক ৩ শতাংশের জন্য দায়ী হলেও রপ্তানি ব্যয় বাড়িয়ে দিচ্ছে এসব দেশের নতুন শুল্কনীতি। ফলে যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশ কঠিন হয়ে পড়বে। বিশেষ করে, পোশাক ও কৃষিপণ্যের মতো খাতগুলোতে রপ্তানি সম্ভাবনা কমবে।

যুক্তরাষ্ট্রের আমদানির ওপর ১০ শতাংশ হারে সর্বজনীন শুল্ক আরোপ করলেও জুলাইয়ে দেশভিত্তিক অতিরিক্ত শুল্ক কার্যকর হবে। এতে বাংলাদেশের মতো দেশগুলোর আমদানি শুল্ক বেড়ে ৪৪ শতাংশ হতে পার, যা দেশগুলোর অর্থনীতিকে ঝুঁকিতে ফেলতে পারে বলেও প্রতিবেদনে পূর্বাভাস দেওয়া হয়েছে।

এই পরিস্থিতিতে আন্তর্জাতিক সহযোগিতা, ট্যারিফ রিলিফ নীতিমালা ও উন্নয়নশীল দেশগুলোর জন্য বাজারে প্রবেশে সহজ শর্ত নিশ্চিত করা জরুরি বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। তা না হলে নতুন ধরনের বৈষম্য তৈরি হতে পারে বিশ্ব বাণিজ্যে, যা দীর্ঘ মেয়াদে বৈশ্বিক উন্নয়নকে বাধাগ্রস্ত করতে পারে।

এদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য জোরদার ও দেশটির বাজারে বাংলাদেশি পণ্যের ওপর উচ্চ শুল্ক কমাতে আসন্ন বাজেটে ১০০টি মার্কিন পণ্যে শুল্কছাড় দেওয়ার প্রস্তাব করতে যাচ্ছে জাতীয় রাজস্ব বোর্ড।

নিউইয়র্কে সাজুফতা সাহিত্য ক্লাবের আড্ডা : 'কথা-কবিতা-গান'



নিউইয়র্ক: নিউইয়র্কে সাজুফতা সাহিত্য ক্লাব এর মাসিক জম্পেশ চা চক্র আড্ডা ছিলো গত ২০ মে মঙ্গলবার। তিতাস মাল্টি সার্ভিসেস এর প্রেসিডেন্ট বি মেহের চৌধুরীর কার্যালয়ে কবিতা কথা গল্প গান দিয়ে সাজানো ছিলো এ সাহিত্য আড্ডা। আড্ডার শুরুতেই স্বরচিত কবিতা পাঠ করেন সুধাংশু মন্ডল, ননী মল্লিক, জালাল উদ্দীন রুমি, আবু তাহের চৌধুরী, কামরুন নাহার খানম, মেহের চৌধুরী, ড. দলিলুর রহমান, জুলি রহমান।

বাচিক শিল্পী এম এ সাদেক মনের মাধুরী মিশিয়ে আবৃত্তি করেন মেহের চৌধুরী'র 'বিরহীনি বধূ' কতবিতাটি। বাচিক শিল্পী মনিকা মন্ডল আবৃত্তি করেন জুলি রহমানের মুক্তি যুদ্ধের উপর লেখা 'গেদু মাঝি' কবিতাটি। এরপর বাচিক শিল্পী এবং সাহিত্য সমালোচক মোহাম্মদ ইলয়াস হোসেন জুলি রহমান এর 'স্মৃতিতে কলমাই' কবিতাটি পাঠ এবং আলোচনা করেন। বীর মুক্তিযোদ্ধা এমএ নাসির পাঠ করেন পল্লী কবি জসীম উদ্দীনের 'কবর' কবিতা। নাট্যজন বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী বাংলার নবাব সিরাজ উদ দৌলার ঐতিহাসিক দীর্ঘ রাজনৈতিক বক্তব্য বা ভাসন পুরোটাই (মুখস্ত) নাটকীয় কায়দায় উপস্থাপন করে উপস্থিত দর্শকদের হৃদয় জয় করেন।

সর্বশেষ স্বরচিত কবিতা পাঠ করেন সংগঠনের সভাপতি কবি জুলি রহমান। তার ইংরেজী কবিতার বই 'দ্যা ফিউগেটিভ সান' কবিতার বই থেকে 'দ্যা ফিউগেটিভ সান' কবিতাটি পড়েন। তিনি ইমরান আলীর নতুন বই 'যে আলো শুধু অন্ধকারে জ্বলে' থেকে 'দানবের পৃথিবী' কবিতাটি পড়েন এবং আলোচনা করেন।

কথা বলেন সংগঠক কাজী রবীউজ্জামান। উপস্থিত ছিলেন আফজাল হোসেন, নবী মোহাম্মদ। গান করেন শিল্পী শাকিলা রুনা, ইকবাল আহমদ বাবলা ও কামরুন নাহার খানম। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন রেজা আব্দুল্লাহ।

সংগঠনের পরবর্তী অনুষ্ঠান ২০ জুন। -প্রেস বিজ্ঞপ্তি।

আমার সন্তানের শিক্ষা সম্পর্কে আমি বাংলায় অবহিত হতে পারি কি?

Can I be informed about my child's education in Bangla?

NYC Public Schools
Delivering for you. Every day. Everywhere.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে!

NYC Public Schools Speak Your Language!

আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তা পেতে আপনি বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন।

You can request free translation and interpretation services to get the help you need.

আরো জানুন | Learn more

on.nyc.gov/Hello /nycschools 311



শনিবার যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠকে বিএনপির প্রতিনিধি দল। ছবি: প্রেস সচিবের ফেসবুক পেজ

প্রধান উপদেষ্টার সাথে রাজনৈতিক দলের বৈঠক

নিজ অবস্থানে অনড় দলগুলো: তিন উপদেষ্টার পদত্যাগ চায় বিএনপি

ঢাকা ডেস্ক: প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেছে বিএনপি, জামায়াত ও এনসিপি। অস্থিরতা নিরসনের লক্ষ্য থাকলেও শেষ পর্যন্ত তিন দলই রয়েছে আগের অবস্থানে। এনসিপি এবার যুক্ত করেছে শেখ হাসিনার আমলের সব নির্বাচন বাতিলের দাবি

সরকারের পদত্যাগের আলোচনায় উদ্বেগ, উৎকণ্ঠা এবং গুঞ্জনের মধ্যে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেছে বিএনপি। শনিবার যমুনায় অনুষ্ঠিত বৈঠকে দলটি ডিসেম্বরের মধ্যে নির্বাচন আয়োজনে রোডম্যাপ ঘোষণা এবং দুই ছাত্র উপদেষ্টা ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টার পদত্যাগের দাবি জানায়। দাবির জবাবে সরকারের বক্তব্য পায়নি বিএনপি।

সন্ধ্যা সাড়ে ৭টা থেকে প্রায় এক ঘণ্টার বৈঠকে রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। নির্বাচন, সংস্কার, বিচারসহ বিভিন্ন বিষয়ে কথা বলেন বিএনপি নেতারা। আওয়ামী লীগের বিচারের দাবি জানান তারা।

তিন পৃষ্ঠার চিঠিতে বিএনপি দলীয় অবস্থান তুলে ধরেছে। আদালতের রায়ে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র পদ পাওয়া ইশরাক হোসেনের শপথ গ্রহণের বিষয়ে সরকার ব্যবস্থা নেবে বলে এতে আশা প্রকাশ করা হয়।

শপথ না দিয়ে স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া পক্ষপাতদুষ্ট আচরণ করে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করছেন বলে অভিযোগ করেছে বিএনপি।

বৈঠকে প্রধান উপদেষ্টার পাশে ছিলেন আসিফ মাহমুদ। তাঁর উপস্থিতিতে বিএনপি লিখিত বক্তব্যে বলে, 'অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা বজায় রাখার স্বার্থে বিতর্কিত কয়েকজন উপদেষ্টা যাদের বক্তব্যে এবং কর্মকাণ্ডে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে এমন বিতর্কিত উপদেষ্টাদের সরিয়ে দেওয়া দরকার বলে আমরা মনে করি।'

বিএনপির চিঠিতে বলা হয়েছে, ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্যে ফাটল ধরতে শুরু করেছে। অথচ আগামীর বাংলাদেশের মূল চালিকাশক্তিই ঐক্য। সরকারের কিছু কাজে নিরপেক্ষতা নিয়ে সংশয় তৈরি হয়েছে। মানবিক করিডোর *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

উপদেষ্টা পরিষদের সভা

'দায়িত্ব পালনে বাধা এলে সব জনসমক্ষে জানাবে সরকার'

- নির্বাচন ও সংস্কার এগিয়ে নিতে 'বৃহত্তর ঐক্য' অপরিহার্য
- দলগুলোর বক্তব্য শুনবে, অবস্থান পরিষ্কারভাবে জানাবে সরকার
- প্রধান উপদেষ্টা বলেননি পদত্যাগ করবেন, অন্যরাও থাকছেন: পরিকল্পনা উপদেষ্টা

ঢাকা ডেস্ক: নির্বাচন, বিচার ও সংস্কার এই তিনটি দায়িত্বের পথচলায় বারবার বাধা আসছে। তবে তা আর মেনে নেবে না অন্তর্বর্তী সরকার। সব কারণ জনসমক্ষে উথাপন করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা শেষে উপদেষ্টা পরিষদের জরুরি বৈঠকে এ বার্তা স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। প্রধান উপদেষ্টা কার্যালয়ের প্রেস উইং থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়েছে। রাজধানীর শেরেবাংলা নগরের পরিকল্পনা কমিশনে ওই সভা হয়।

বৈঠকে দেশের রাজনৈতিক অঙ্গনে নানা পক্ষের অযৌক্তিক দাবি, উদ্দেশ্য প্রণোদিত কর্মসূচি ও এখতিয়ারবহির্ভূত মন্তব্যের মাধ্যমে স্বাভাবিক প্রশাসনিক পরিবেশকে যেভাবে ব্যাহত করা হচ্ছে, তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। এসব কর্মকাণ্ড জনমনে সংশয় ও বিভ্রান্তি ছড়াচ্ছে বলেও অভিমত দেন উপদেষ্টারা।

সভা শেষে প্রধান উপদেষ্টা কার্যালয়ের প্রেস উইং থেকে পাঠানো এক বিবৃতিতে বলা হয়, সরকার মনে করছে, এ অবস্থায় নির্বাচন, বিচার ও সংস্কারকে এগিয়ে নিতে এবং দেশকে দীর্ঘমেয়াদে একটি স্থিতিশীল গন্তব্যে পৌঁছাতে একটি 'বৃহত্তর ঐক্য' অপরিহার্য। এ লক্ষ্যে রাজনৈতিক দলগুলোর বক্তব্য শুনবে অন্তর্বর্তী সরকার এবং তাঁর অবস্থান পরিষ্কারভাবে জানাবে বলেও জানানো হয়।

উপদেষ্টা পরিষদের বক্তব্যে বলা হয়, 'শত বাধার মধ্যেও গোষ্ঠীস্বার্থকে উপেক্ষা করে সরকারের ওপর অর্পিত দায়িত্ব পালন করে যাচ্ছে। কিন্তু যদি এই দায়িত্ব পালনে ইচ্ছাকৃত প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয় পেরাজিত শক্তির প্ররোচনায় অথবা বিদেশি ষড়যন্ত্রের অংশ *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

জুন 2025

প্রাথমিক নির্বাচন

নির্বাচনের দিন: মঙ্গলবার, 24 জুন

আগাম ভোটদান: 14 জুন – 22 জুন

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান ব্যবহার করে কীভাবে ভোট দেবেন



- ☑ **আপনার 1ম পছন্দটি নির্বাচন করুন** এবং 1ম কলামের নিচে সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন।
- ☑ আপনি কি একাধিক প্রার্থীকে পছন্দ করেন? পছন্দের ক্রমানুসারে **5 জন পর্যন্ত** প্রার্থীকে র‍্যাঙ্ক করুন।
- ☑ আপনি শুধুমাত্র **1** জন প্রার্থীকেও ভোট দিতে পারেন।
- ☒ একই প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করবেন না
- ☒ একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক দেবেন না।

ভোটকেন্দ্রে ভাষাগত অ্যাক্সেস

আপনার সাথে **একজন দোভাষীকে আনার অধিকার** আপনার রয়েছে।

CEC নির্দিষ্ট কিছু ভোটকেন্দ্রে এবং নির্দিষ্ট কিছু ভাষায় দোভাষীও সরবরাহ করবে।

এখানে গিয়ে আরো জানুন:

on.nyc.gov/vla

CEC NYC | VOTER LANGUAGE ASSISTANCE

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

সংকট, সংলাপ ও রোডম্যাপ

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ২৪ মে তিনটি রাজনৈতিক দলের সঙ্গে পৃথক বৈঠকে মিলিত হয়েছেন। দল তিনটি হলো বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। এসব বৈঠকে উঠে এসেছে নির্বাচন, বিচার, সংস্কার ও রোডম্যাপ নিয়ে তিনটি ভিন্ন দলের তিনটি ভিন্ন মেজাজ ও প্রত্যাশা। যদিও প্রত্যাশার ভাষা আলাদা, মূলত সব দলের মধ্যেই রয়েছে একটি অভিন্ন উদ্বেগ-নির্বাচনের সুনির্দিষ্ট দিকনির্দেশনা এবং অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা।

বিএনপির অবস্থান অত্যন্ত স্পষ্ট: তারা খলিলুর রহমানসহ তিনজন উপদেষ্টার পদত্যাগ, উপদেষ্টা পরিষদের পুনর্গঠন এবং ডিসেম্বরের মধ্যে জাতীয় নির্বাচন আয়োজনের রোডম্যাপ দাবি করেছে। বিএনপি মনে করে, বিচার ও নির্বাচন-এ দুই প্রক্রিয়া নিরপেক্ষভাবে সম্পন্ন না হলে রাষ্ট্র আবার স্বৈরতান্ত্রিক ধারায় ফিরে যেতে পারে, যার দায় বর্তমান অন্তর্বর্তী সরকারের ওপরই বর্তাবে।

জামায়াতে ইসলামীর অবস্থান কিছুটা নমনীয়, কিন্তু তারাও চায় নির্বাচন ও সংস্কারের সমন্বিত রোডম্যাপ। তারা সতর্ক করে দিয়েছে যে, সংস্কারহীন নির্বাচন অর্থবহ হবে না। তারা এটাও মনে করিয়ে দিয়েছে, জুলাই বিপ্লব শুধু রাজনৈতিক ক্ষমতার রদবদল নয়, এটি একটি মূল্যবোধের পরিবর্তন, যার প্রতিফলন ঘটাতে হবে বিচার ও গণতান্ত্রিক সংস্কারে।

এনসিপি প্রস্তাব দিয়েছে-জুলাই গণহত্যার বিচার, জুলাই সনদের ঘোষণা এবং গণপরিষদ ও আইনসভা নির্বাচনের সমন্বিত রোডম্যাপ।

এ ছাড়া তারা নির্বাচন কমিশন পুনর্গঠন এবং শেখ হাসিনার আমলের নির্বাচনের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছে।

এই তিন মত বিশ্লেষণ করলে দেখা যায়-সবাই নির্বাচন চায়, তবে নির্বাচনের সময়সীমা নিয়ে বিএনপির তাড়া থাকলেও অন্য দুই দলের নেই। কারও কাছে নির্বাচন মুখ্য, কারও কাছে বিচার ও সংস্কার, আবার কারও কাছে প্রক্রিয়ার স্বচ্ছতা। এই ভিন্নতা অস্বাভাবিক নয়, তবে এ থেকে উত্তরণের পথ তৈরি করা এখন প্রধান উপদেষ্টার দায়িত্ব।

অন্তর্বর্তী সরকারের লক্ষ্য শুধু একটি নিরপেক্ষ নির্বাচন নয়, একটি স্থিতিশীল, শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য গণতান্ত্রিক প্রক্রিয়া নিশ্চিত করা। এই প্রক্রিয়ায় সব রাজনৈতিক দলকে আস্থায় নিতে না পারলে গণতন্ত্রের উত্তরণ প্রশ্নবিদ্ধ হয়ে পড়বে। তবে সংলাপ করেও রাজনৈতিক ঐকমত্যের দেখা পাওয়া নিয়ে সন্দেহ থেকেই যাচ্ছে।

প্রধান উপদেষ্টাকে এখন আর শুধু ধৈর্যশীল মধ্যস্থতাকারী নয়, বরং একটি ভবিষ্যৎ নির্ধারক নেতৃত্ব দিতে হবে। তাঁকে সিদ্ধান্ত নিতে হবে-কোথায় আপস সম্ভব, কোথায় অনমনীয় থাকা উচিত এবং কোন শর্তে সব দলকে অন্তর্ভুক্ত করে একটি অন্তর্বর্তী রাজনৈতিক চুক্তি করা সম্ভব।

আমরা মনে করি, এখন আর সময়ক্ষেপণের সুযোগ নেই। প্রধান উপদেষ্টা ও তাঁর উপদেষ্টা পরিষদকে পক্ষপাতমুক্ত হয়ে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে একটি অন্তর্ভুক্তিমূলক, গ্রহণযোগ্য ও বাস্তবভিত্তিক নির্বাচনী রোডম্যাপ অবিলম্বে ঘোষণা করতে হবে। না হলে দেশে তৈরি হতে পারে এক অনিবার্য অনিশ্চয়তা, যা রাষ্ট্রকে বিভাজনের মুখে ঠেলে দেবে।

দেশের মানুষ আর প্রতিশ্রুতি চায় না, তারা চায় সিদ্ধান্ত। সময় এসেছে সিদ্ধান্ত নেওয়ার।

সফলতার ২৬ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

সব পক্ষ শান্ত হয়ে আন্তঃযোগাযোগ বাড়ান



হাসান মামুন

১৮ মাসের মধ্যে সংস্কার ও নির্বাচন করার ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারকে সমর্থন করে যাওয়ার কথা সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেছিলেন অনেক আগে। সরকার গঠনের দুই মাসেরও কম সময়ের মধ্যে, গত বছর ২৪ সেপ্টেম্বর রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে তিনি 'এক থেকে দেড় বছরের মধ্যে গণতান্ত্রিক প্রক্রিয়ায় উত্তরণ হওয়া উচিত' বলে অভিমত ব্যক্ত করেছিলেন। অন্তর্বর্তী সরকার নির্বাচনের রোডম্যাপ সম্পর্কে কিছু বলার আগেই তাঁর এ অবস্থান নিয়ে কিন্তু তেমন বিতর্ক হয়নি তখন। 'যে কোনো পরিস্থিতিতে' সরকারের পাশে থাকার ঘোষণায় মানুষ বরং আশ্বস্তই হয়েছিল।



সাক্ষাৎকারে সেনাপ্রধান এও জানিয়েছিলেন, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে নিয়মিত বৈঠক হয় এবং তাদের সম্পর্ক খুব ভালো। তিনি বলেছিলেন, একসঙ্গে কাজ করলে আমাদের ব্যর্থ হওয়ার কোনো কারণ নেই।

সেই সাক্ষাৎকারের কথা স্মর্তব্য এ জন্য, গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশের নতুন পথযাত্রার এ দুই মুখ্য ব্যক্তির সেই সম্পর্ক দৃশ্যত দুর্বল হয়েছে। ওয়াকার-উজ-জামান সহকর্মীদের সঙ্গে বৈঠকে অতিসম্প্রতি যা বলেছেন, তাতে পূর্ববর্তী অবস্থান নতুন করে প্রকাশ পেলেও সরকার তা সহজভাবে নেয়নি। সংবাদমাধ্যমে আসা ওই বক্তব্যের প্রতিক্রিয়ায় প্রধান উপদেষ্টা পদত্যাগের কথাও ভাবছিলেন বলে জানা যায়। পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ অবশ্য বলেছেন, তারা অর্পিত দায়িত্ব ছেড়ে যাচ্ছেন না।

এর মধ্যে শনিবার থেকে রাজনৈতিক দলগুলোর সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক শুরু হয়েছে। নিবন্ধটি লেখার দিনও কয়েকটি দলের সঙ্গে আলোচনা হওয়ার কথা। তবে শুরুর দিনই প্রধান তিন দলের সঙ্গে বৈঠকে উঠে এসেছে এখন কারা কী চায়। উপদেষ্টা পরিষদও এক বিবৃতিতে বলেছে, তাদের দায়িত্ব পালন অসম্ভব করা হলে জনগণকে সঙ্গে নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। এতে আগ্রহোদ্দীপক, ব্যাখ্যার যোগ্য কিছু শব্দও ব্যবহৃত হয়েছে। এটাকে সেনাপ্রধানের বক্তব্যের কঠোর প্রতিক্রিয়া বলে বিবেচনার সুযোগ রয়েছে বৈকি। রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক শেষে সরকার কী বলে, সেটা জানার অপেক্ষায় অবশ্য থাকতে হবে।

সেনাপ্রধান যে সময়ের মধ্যে 'গণতন্ত্রে উত্তরণ'-এর কথা বলেছেন, সেটা শেষ হতে এখনও সাত মাস বাকি। তিনি সংস্কারের কথাও তুলেছেন। সেনাবাহিনীকে রাজনীতি থেকে দূরে রাখতে সংবিধানের সম্ভাব্য পরিবর্তন বিষয়েও অভিমত জানিয়েছেন। তিনি বলেছেন, অন্তর্বর্তী সরকার এদিকে নজর দিতে পারে। সুতরাং বলা যাবে না সেনাপ্রধান সংস্কারবিমুখ। তিনি যে সুনির্দিষ্ট সময়সীমার কথা বলেছেন, সেটাও অন্তর্বর্তী সরকারের জন্য নেহায়েত কম নয়।

ইতোমধ্যে সরকারের ৯ মাস অতিক্রান্ত। মুহাম্মদ ইউনূস বারবারই বলছেন, সরকার একটি আদর্শ নির্বাচন দিতে চায়। সংস্কার বিষয়েও দৃঢ় প্রতিজ্ঞ। সংস্কার আলোচনা চলমান। তবে সেনাপ্রধান বলেছেন, তাঁর সঙ্গে এ বিষয়ে কোনো আলোচনা হয়নি। জননিরাপত্তা জোরদারে মাঠে রয়েছে সেনাবাহিনী। তারা গণঅভ্যুত্থানের গুরুত্বপূর্ণ অংশীজনও বটে। এ অবস্থায় সংস্কার কার্যক্রমে সেনাবাহিনীর অংশগ্রহণ না থাকা-সংক্রান্ত বক্তব্য আলাদা নজর কাড়ে বৈকি।

সেনাপ্রধানের বক্তব্যে অবশ্য নির্বাচনের সময়সীমাই বেশি গুরুত্ব পেয়েছে। এ বিষয়ে প্রধান উপদেষ্টার যে অবস্থান; ডিসেম্বরের মধ্যে নির্বাচন নাও হতে পারে। আগামী বছর জুনের পর তারা আর থাকবেন না এটা অবশ্য স্পষ্ট করেই বলেছেন। ১৮ মাসের মধ্যে গণতন্ত্রে উত্তরণ-সংক্রান্ত বক্তব্য প্রসঙ্গে বলেছিলেন, এ বিষয়ে সিদ্ধান্ত নেবে সরকার। সেই সিদ্ধান্ত তিনি জানিয়েছিলেন জাতির উদ্দেশে দেওয়া ভাষণে। নির্বাচন ২০২৬ সালের জুনে গড়াতে পারে বলে তাঁর ঘোষণার পর দ্রুত নির্বাচনপ্রত্যাশী রাজনৈতিক দলগুলোও তাৎক্ষণিক নেতিবাচক কিছু বলেনি।

পরিস্থিতি সরকারের নিয়ন্ত্রণে থাকলে মনে হয় না, ঘোষিত রোডম্যাপ নিয়ে বড় জটিলতার সৃষ্টি হতো। আরেকটি শর্ত প্রধান সব দলের আস্থা সরকার ধরে রাখতে পারলে। এরই মধ্যে সরকার বিএনপির আস্থা হারিয়েছে। শুরু থেকে দ্রুত নির্বাচনের পক্ষপাতী এ দলটি ডিসেম্বরের মধ্যে নির্বাচন চায়। তিন মাসের মধ্যে এ দেশে একাধিক সফল নির্বাচন হয়েছে সেটাও স্মরণ করিয়ে দিচ্ছেন তারা। বর্তমান পরিস্থিতি অবশ্য গুণগতভাবে ভিন্ন। সেটা তাদের অজানা নয়। সেনাবাহিনীও গভীরভাবে জানে। মাঠে থেকেও তারা পরিস্থিতির বিপজ্জনক দিকগুলো অনুধাবন করছে। এ অবস্থায় ডিসেম্বরের মধ্যেই নির্বাচন হওয়া 'উচিত' বলে অবস্থান নিয়েছেন সেনাপ্রধান।

সেনাপ্রধানের অবস্থান বিষয়ে লক্ষণীয়, তিনি প্রথম উল্লিখিত ১৮ মাস সময়সীমাতেই রয়েছেন। মাঝে জামায়াত আমিরের মাধ্যমে আগামী রমজানের আগে নির্বাচন করা যেতে পারে বলে বক্তব্য মিলেছিল। বর্ষার আগেই নির্বাচন করা ভালো বলে মত রয়েছে। শীতে নির্বাচন আয়োজনও আমাদের ঐতিহ্য। এসব দিক বিবেচনা করেও হয়তো সেনাপ্রধান ১৮ মাসের মধ্যে সংস্কার ও নির্বাচন সারার কথা বলেছিলেন। তবে ১৯ বা ২০ মাসের মধ্যে নির্বাচন হলেও তিনি অসহযোগিতা করবেন বলে মনে হয় না।

অন্তর্বর্তী সরকারের সঙ্গে সেনাপ্রধানের সম্পর্কের অবনতি হলো কেন সেটা সংশ্লিষ্টরাই ভালো বলতে পারবেন। বাজারে উড়ছে নানা কথা। সেনাপ্রধানের সর্বশেষ বক্তব্য থেকেও কিছুটা হয়তো আঁচ করা যায়। উপদেষ্টা পরিষদের বিবৃতিতে আবার বলা হয়েছে, তাদের কাজে বিঘ্ন সৃষ্টির বিষয়ে প্রয়োজনে সবকিছু প্রকাশ করা হবে। রাজপথ থেকেও প্রতিবন্ধকতা তৈরির কথা বলা হয়েছে বিবৃতিতে। তবে সরকার মুখ খুললে অন্যান্য পক্ষও নীরব থাকবে না। তাতে পরিস্থিতির আরও অবনতি ঘটবে।

এরই মধ্যে পরিস্থিতির যথেষ্ট অবনতি ঘটেছে বলে অনুধাবন করলে সব পক্ষেরই অবশ্য উচিত হবে শান্ত হয়ে নিজেদের মধ্যে যোগাযোগ বাড়ানো। উদ্ভূত পরিস্থিতিতে সেনাপ্রধানসহ তিন বাহিনীপ্রধানের সঙ্গে সরকারের বৈঠকও জরুরি। সংস্কারের পাশাপাশি নির্বাচন বিষয়ে তাদের মত গুরুত্বপূর্ণ। সেনাবাহিনীর জোরালো সহায়তা ছাড়া আগামী জুনের মধ্যেও সরকার সুষ্ঠু নির্বাচন করতে পারবে বলে মনে হয় না। মনে রাখা যেতে পারে, ৯ মাসেও পুলিশসহ বেসামরিক প্রশাসনকে সক্রিয় করতে পারেনি।

ডিসেম্বর কিংবা জানুয়ারি-ফেব্রুয়ারির মধ্যে নির্বাচন হলেও এর মধ্যে কোনো গুরুত্বপূর্ণ সংস্কার করা যাবে না তা তো নয়। যেসব ইস্যুতে রাজনৈতিক ঐকমত্য ইতোমধ্যে প্রতিষ্ঠিত, সেগুলো বাস্তবায়নে দ্রুত মনোনিবেশ করতে পারে সরকার। সেনাপ্রধান কিন্তু অন্তর্বর্তীকালে যে কোনো গুরুতর সিদ্ধান্ত গ্রহণের বেলায় 'রাজনৈতিক ঐকমত্যের' ওপর জোর দিয়েছেন। সেনাবাহিনীর রাজনৈতিক অপব্যবহার রোধে উক্ত সাক্ষাৎকারে তিনি যে মত দিয়েছিলেন, সেটা নিয়েও আলোচনা হতে পারে। নজিরবিহীন গণঅভ্যুত্থানের পর কোনো কিছুই আর 'গোপনীয়' নেই। ভূরাজনৈতিক আর জাতীয় নিরাপত্তার প্রশ্নও প্রবলভাবে সামনে এসেছে। আশা করা যায়, নির্বাচিত সরকার এলেও এ সংক্রান্ত প্রয়োজনীয় সংলাপ সংশ্লিষ্ট সবার অংশগ্রহণে এগিয়ে যাবে।

লেখক: সাংবাদিক ও কলামিস্ট

উ চ্চ শি ক্ষা

হার্ভার্ড-ট্রাম্প লড়াই থেকে বাংলাদেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা

মাহফুজুর রহমান মানিক

সামাজিক মাধ্যমে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয় সর্বশেষ পোস্ট করেছে 'উইদাউট ইটস ইন্টারন্যাশনাল স্টুডেন্টস, হার্ভার্ড ইজ নট হার্ভার্ড'। অর্থাৎ হার্ভার্ডের আন্তর্জাতিক শিক্ষার্থী ছাড়া হার্ভার্ডই নয়। মানে হার্ভার্ডকে তৈরি করেছে আন্তর্জাতিক শিক্ষার্থীরা। সেই আন্তর্জাতিক শিক্ষার্থীদের ভর্তিতে সম্প্রতি নিষেধাজ্ঞা জারি করে ট্রাম্প প্রশাসন। যদিও যুক্তরাষ্ট্রের একটি আদালত ট্রাম্পের সে উদ্যোগ সাময়িক স্থগিত করেছেন।

ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের বিরোধের সূচনা এ বছরের মার্চ মাসে। এ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীদের ইসরায়েলের গাজা আগ্রাসনবিরোধী বিক্ষোভ রয়েছে এ সংকটের কেন্দ্রবিন্দুতে। ট্রাম্প প্রশাসন এসব বিক্ষোভকে 'অ্যান্টিসেমিটিক' চিহ্নিত করে শিক্ষার্থীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলে। কিন্তু হার্ভার্ড প্রশাসন অভিযোগ নাকচ করে একে বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতায় হস্তক্ষেপ হিসেবে উল্লেখ করে।

বলা বাহুল্য, হার্ভার্ড শুধু যুক্তরাষ্ট্রের নয়; বিশ্বেরও অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়। টাইমস হায়ার এডুকেশনের ২০২৫ সালের বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলোর র‍্যাঙ্কিংয়ে হার্ভার্ড-এর অবস্থান ৩ নম্বরে। অন্যদিকে কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটির র‍্যাঙ্কিং (২০২৫) অনুযায়ী হার্ভার্ডের অবস্থান ৪ নম্বরে। এমনকি ২০২৩ সালে টাইমস হায়ার এডুকেশনের র‍্যাঙ্কিংয়ে ২০২৩ সালে বিশ্বের ১ নম্বর বিশ্ববিদ্যালয় ছিল।

হার্ভার্ডের শিক্ষা ও গবেষণার খ্যাতি বিশ্বজোড়া। সর্বশেষ বারাক ওবামাসহ যুক্তরাষ্ট্রের আটজন প্রেসিডেন্ট হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই। এটি যুক্তরাষ্ট্রের সবচেয়ে পুরোনো বিশ্ববিদ্যালয়; ১৬৩৬ সালে প্রতিষ্ঠিত। একই সঙ্গে শীর্ষ ধনী বিশ্ববিদ্যালয়ও বলা যায়। হার্ভার্ডের এমন অবস্থানের কারণেই বিশ্ববিদ্যালয়টি, এমনকি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে লড়াই করার হিম্মত রাখছে।

গত এপ্রিল মাসে ট্রাম্প প্রশাসন হার্ভার্ডের ডাইভার্সি, ইকুইটি ও ইনক্লুশন তথা বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তিকরণ প্রোগ্রাম বাতিল, বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামোতে পরিবর্তনসহ বিভিন্ন দাবি জানালেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেসব মানতে অস্বীকৃতি জানায়। সে জন্য ট্রাম্প প্রশাসন অনুদান বন্ধ করে দেওয়ার হুমকি দেয় এবং হার্ভার্ডের ২ দশমিক ৩ বিলিয়ন ডলারের সরকারের গবেষণা অনুদান স্থগিত করে। এর পর হার্ভার্ড এই সিদ্ধান্তকে অসাংবিধানিক দাবি করে আদালতে মামলা করে। আর ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে হার্ভার্ড দ্বিতীয় দফায় মামলা করে ২৩ মে, যখন যুক্তরাষ্ট্র বিশ্ববিদ্যালয়টিতে বিদেশি শিক্ষার্থী ভর্তিতে নিষেধাজ্ঞা আরোপ করে। ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্তকে অসাংবিধানিক ও প্রতিশোধমূলক দাবি করে মামলায় উল্লেখ করা হয়, এই নিষেধাজ্ঞা কার্যকর হলে হার্ভার্ডের সাত সহস্রাধিক বিদেশি শিক্ষার্থীর শিক্ষাজীবন অনিশ্চয়তায় পড়বে। আরও বলা হয়, এর মাধ্যমে হার্ভার্ড বিশ্বের সেরা শিক্ষার্থীদের আকর্ষণের জায়গা হারানোর শঙ্কায় পড়বে। যদিও আদালত ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্তকে সাময়িকভাবে বাতিল করেছেন, এর পরও শঙ্কা কাটেনি।

> হার্ভার্ড বিশ্ববিদ্যালয় ও ট্রাম্প প্রশাসনের বিরোধ আমাদের জন্যও শিক্ষণীয়। বিশেষত, এটি দেখিয়ে দিয়েছে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের স্বাধীনতা কতটা গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীর অধিকার নিয়ে বিশ্ববিদ্যালয় কতটা সোচ্চার হতে পারে। একই সঙ্গে সরকারের হস্তক্ষেপের সীমারেখাও দেখিয়ে দিয়েছে হার্ভার্ড। ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্তের পর হার্ভার্ডের প্রেসিডেন্ট অ্যালান এম. গারবার আন্তর্জাতিক শিক্ষার্থী ও স্কলারদের উদ্দেশ করে যে বাণী দিয়েছেন, সেখানেও তিনি প্রশাসনের পরিকল্পনাকে 'অন্যায় ও অনধিকার' চর্চার শামিল আখ্যা দিয়েছেন। বলেছেন, আমরা আপনাদের সহায়তা করব এবং হার্ভার্ডকে বিশ্ববাসীর জন্য উন্মুক্ত রাখতে সর্বোচ্চ চেষ্টা করব।

ট্রাম্প প্রশাসনের সাম্প্রতিক সিদ্ধান্ত ও হার্ভার্ডের জবাবের পরিপ্রেক্ষিতে অনেকেই বাংলাদেশের পরিস্থিতি সামাজিক মাধ্যমে লিখেছেন। বিশেষ করে আমাদের বিশ্ববিদ্যালয়গুলো যেভাবে সরকার তোষণের কাজ করে, তা কতটা লজ্জাজনক, সে ইঙ্গিতই অনেকের বক্তব্যে স্পষ্ট। ক্ষমতাধর যুক্তরাষ্ট্রের সর্বাপেক্ষা ক্ষমতাধর ব্যক্তি ডোনাল্ড ট্রাম্পের অন্যায্য পদক্ষেপে হার্ভার্ড প্রশাসন সমর্থন দেওয়া তো দূরের বিষয়, বরং তাঁর বিরুদ্ধে আদালত পর্যন্ত গেছে।

অথচ আমরা দেখে এসেছি, আমাদের দেশে সরকার বা রাষ্ট্রপ্রধানের সব পদক্ষেপ কীভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসন অকপটে মেনে নেয়! শুধু মানাই নয়, বরং সুবিধা পাওয়ার জন্য শিক্ষকরা সরকারপ্রধানের গুণগান গাওয়া, এমনকি অন্যায় দেখলেও নীরব থাকার ঘটনাও ঘটেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ চারটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ে এসব নির্লজ্জ কাজ অবলীলায় ঘটেছে। অন্য বিশ্ববিদ্যালয়গুলো স্বাভাবিকভাবেই ছিল আরও এগিয়ে।

এখানে শুধু বিশ্ববিদ্যালয় প্রশাসন কিংবা শিক্ষকদের একার দোষ নেই। বরং সরকারও বিশ্ববিদ্যালয়গুলো সেভাবে গড়ে তুলেছে। যোগ্যতার চেয়ে দলীয় আনুগত্য যখন উপাচার্য হওয়ার মানদণ্ড বানানো হয়, তখন বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতার আলাপ তোলার সুযোগ কোথায়? তা ছাড়া হার্ভার্ড বিশ্ববিদ্যালয় তার ওপর অন্যায়ের প্রতিকারে আদালতের আশ্রয় নিয়েছে এবং আদালতও স্বাধীনভাবে রায় দিয়েছেন। অর্থাৎ শেষ ভরসার জায়গা হিসেবে আদালতের ভূমিকাও এখানে স্পষ্ট।

দুঃখজনক হলেও সত্য, আমাদের বিশ্ববিদ্যালয়গুলো সরকারের কাছে নানাভাবে বন্ধনে আবদ্ধ। সরকারও সেই বন্ধন শিথিল করতে নারাজ। অথচ বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে উঠতে গেলে এসব বন্ধন শিথিল করতেই হবে। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট যেভাবে দ্ব্যর্থহীনভাবে ট্রাম্প প্রশাসনকে চ্যালেঞ্জ করেছেন, আমাদের উপাচার্যরা কি তা পারবেন?

এ জন্য প্রথমেই দলীয় বিবেচনার পরিবর্তে যোগ্যতার ভিত্তিতে উপাচার্য নিয়োগ দিতে হবে এবং বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞানচর্চা ও গবেষণার জন্য স্বাধীনতা ও বরাদ্দ দিতে হবে। অন্তর্বর্তী সরকার সম্প্রতি উপাচার্য নিয়োগে সার্চ কমিটি গঠন করেছে। এটা ভালো সিদ্ধান্ত। পরবর্তী রাজনৈতিক সরকারগুলোরও এ ক্ষেত্রে সদিচ্ছা থাকতে হবে। হার্ভার্ড অন্তত সে পথই দেখাচ্ছে।

লেখক: সাংবাদিক

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কলভেন্ট এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.
(Operate by JH office)

(Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইভিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

জ্যামাইকায় বিপুল উৎসাহ উদ্দীপনায় বাংলা বর্ষবরণ





নিউইয়র্ক: বিপুল উৎসাহ উদ্দীপনায় বর্ষবরণের রঙে রঙিন হল জ্যামাইকা কুইন্স। গত ১৭ মে শনিবার বাঙালির প্রাণের উৎসব বাংলা নববর্ষকে বরণ করে নিতে হাজারো মানুষের ঢল নামে জ্যামাইকা, কুইন্স পি, এস, ১৩১ অ্যাবিগেল অ্যাডামস এলিমেন্টারি স্কুলের অডিটরিয়ামে।

হ্যালো ২৪ ইউ এস এ অত্যন্ত জাঁকজমকপূর্ণ ও বৃহৎ পরিসরে আয়োজন করেছে বাংলা বর্ষবরণ ও বৈশাখী মেলা-১৪৩২। নিউইয়র্কের জ্যামাইকায় এলিমেন্টারি স্কুলের সুবৃহৎ ক্যাফেটেরিয়ায় সর্বমোট ২২ টি স্টলে সুসজ্জিত হয় বৈশাখী মেলা-১৪৩২, সকল ষ্টল, জুড়ে সাজানো ছিল মহিলাদের সালোয়ার কমিজ, শাড়ী, গহনা সহ পুরুষদের পাঞ্জাবী, টিশার্ট, রকমারী পিঠা ও সুস্বাদু খাবারের আয়োজন। সন্ধ্যা ৭ টায় কানায় কানায় পরিপুর্ণ হয়ে উঠে এলিমেন্টারি স্কুলের বিশাল অডিটরিয়াম, এক জমকালো বর্ষবরণ সন্ধ্যা যার প্রথম পর্বে মরিয়ম মারিয়া মিউজিক স্কুলের শিক্ষার্থীদের পরিবেশনায় শিশু কিশোরদের নাচ, গান ও আবৃত্তি পরিবেশিত হয়। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল বাংলাদেশের জনপ্রিয় অভিনেত্রী শিরিন বকুল ও অভিনেতা তানভীরের উপস্থাপনায়, সংগীত শিল্পী রিজিয়া পারভীন, প্রতীক হাসান, শাহ-মাহবুব, নিপা জামান, চন্দন চৌধুরী, ক্লোজ আপ তারকা আরিফ, সজীব ও মরিয়ম মারিয়া সঙ্গীত পরিবেশন করেন এছাড়াও আবৃত্তি পরিবেশন করেন বিশিষ্ট সমাজসেবক ও ব্যবসায়ী আহসান হাবীব।

অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটি ইউএসএ ইনক্ এর সভাপতি মোহম্মদ আলী, বাংলাদেশ কমিউনিটি বোর্ড সদস্য বিশিষ্ট সংগঠক ও সমাজ সেবক ফকরুল ইসলাম দেলোয়ার, নিউইয়র্কের বিশিষ্ট রিয়েল ষ্টেট ব্যবসায়ী শরাফ সরকার, শাহ কোরায়েশী, রিনা সাহা, খলিল বিরিরানীর স্বত্তধিকারী মোহাম্মদ খলিলুর রহমান, হ্যালো ২৪ইউ এস এ এর চেয়ারম্যান ও সিইও মাহামুদুল আলম, নিউইয়র্কের জনপ্রিয় সাপ্তাহিক নবযুগ পত্রিকার প্রকাশক ও সম্পাদক শিহাব উদ্দিন সাগর, নিউইয়র্কের জনপ্রিয় টেলিভিশন টি বি এন ২৪ এর ভাইস প্রেসিডেন্ট এ এফ মেজবাউজ্জামান সহ আরোও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বাংলা বর্ষবরণ ও বৈশাখী মেলা-১৪৩২ অনুষ্ঠানের আহবায়ক ছিলেন বাংলাদেশের বর্তমান প্রজন্মের জনপ্রিয় কণ্ঠশিল্পী মরিয়ম মারিয়া, যিনি একাধারে সঙ্গীতের পাশাপশি জ্যামাইকা হিলসাইডে মরিয়ম মারিয়া মিউজিক স্কুলের প্রতিষ্ঠাতা ও শিক্ষয়ত্রী।
প্রেস বিজ্ঞপ্তি



NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

বাফেলোতে বারী গ্রুপের "বাটারফ্লাই সিনিয়র ডে কেয়ার"র যাত্রা শুরু







সায়েম শুভ: যুক্তরাষ্ট্রে বসবাসরত দক্ষিণ এশীয় বিশেষত বাংলাদেশি অভিবাসী প্রবীণরা আজ এক কঠিন বাস্তবতার মুখোমুখি। দীর্ঘ প্রবাস জীবনে ভাষাগত সমস্যা, সামাজিক বিচ্ছিন্নতা, এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটের পার্থক্য তাঁদের জীবনযাত্রায় এক অনিবার্য শূন্যতা এনে দিয়েছে। সন্তান-সন্ততির ব্যস্ত জীবনে অনেক সময়ই তাঁরা হয়ে পড়েন উপেক্ষিত, একাকী। এই বাস্তবতায় বাটারফ্লাই সিনিয়র ডে কেয়ার যেন নতুন এক আশার আলো।

২০২২ সালে নিউইয়র্ক সিটির কুইন্সের উডসাইড এলাকায় সূচনা হওয়া বাটারফ্লাই সিনিয়র ডে কেয়ার শুরু থেকেই নিজেকে এক ব্যতিক্রমধর্মী সামাজিক সেবাকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করেছে। এটি কেবল একটি ডে কেয়ার নয়, বরং একটি সমন্বিত সমাজসেবামূলক প্ল্যাটফর্ম যা প্রবীণদের দৈনন্দিন জীবনের মান উন্নয়নে সক্রিয় ভূমিকা রাখছে। প্রতিষ্ঠানটির সেবার বিশেষত্ব হলো এর 'কমিউনিটি-কেন্দ্রিক' দৃষ্টিভঙ্গি। বিশেষ করে বাংলা ভাষাভাষী অভিবাসী প্রবীণদের জন্য এখানে রয়েছে ভাষাগত, সাংস্কৃতিক এবং ধর্মীয় দিক থেকে সহানুভূতিশীল একটি পরিবেশ। এখানকার কর্মীরা শুধু সেবাদানকারী নন- তারা একেকজন সহানুভূতিশীল পরিবার সদস্যের মতোই।

গত ১৮ মে, রোববার বাফালোর ২৭৯ গিলফোর্ড স্ট্রিট-এ বাটারফ্লাই সিনিয়র ডে কেয়ারের নতুন শাখার জমকালো উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক, লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল নিউইয়র্ক ডিস্ট্রিক্ট ২০-আর২-এ'র ডিস্ট্রিক্ট গভর্নর আসেফ বারী (টুটুল)। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সিনিয়র আইনজীবী ও কবি এডভোকেট মোহাম্মদ শহীদুল্লাহ, গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি মুক্তাদির হোসেন মিসবাহ, আজিজ মজুমদার (হেল্প ফর বাংলাদেশ), এডভোকেট নুরুজ্জামান, জুবায়ের চৌধুরী, হুমায়ুন কবির, সোহেল হাওলাদার (বিডি ড্রাইভিং), মাসুদ, সানজানা ও ওয়াসিম আহমেদ সিরাজউদ্দৌলা বাবু, আব্দুল মান্নান তাজু, ফারুক আহমেদ নাজমুল, জুনিয়র তালহা াবখত প্রমুখ।

এসময় আসেফ বারী (টুটুল)-এর সহধর্মিণী ও বাংলা পোস্টের সম্পাদক মুনমুন হাছিনা বারী, বারী দম্পতির কনিষ্ঠ পুত্র আদিব বারী এবং বাফালো শাখার কর্ণধার তালহা বখত সহ স্থানীয় কমিউনিটি ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন।





মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেস্ট রেট কম ● ইনভেস্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাস্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



প্রবীণ প্রবাসী আব্দুস সাত্তার সিদ্দিকীর জন্য দোয়া কামনা

বাংলা পত্রিকা রিপোর্ট: কুলাউড়া উপজেলার ভাটেরা ইউনিয়নের হরিপুর গ্রামের প্রবীণ প্রবাসী আব্দুস সাত্তার সিদ্দিকী দূরারোগ্য রোগে আক্রান্ত হয়ে ওয়েস্ট ম্যানহাটারের রিভার সাইড রিহ্যাব সেন্টারে অবস্থান করছেন। কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু ও কার্যকরী সদস্য ফারুক মিয়া এবং ভাটেরা এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি রাজা মিয়া তালুকদার, সাধারণ সম্পাদক হারুনুর রশীদ তালুকদার ও কোষাধ্যক্ষ সুরমান আহমেদ সিদ্দিকী তাকে দেখতে গত ১৬ মে শুক্রবার অপরাহ্নে রিহ্যাব সেন্টানে যান। এসময় তারা কুশল বিনিময় ছাড়াও তার জন্য বিশেষ দোয়া করেন। এছাড়াও ভাটেরা ইউনিয়নের চেয়ারম্যান সৈয়দ একেএম নজরুল ইসলাম তার শারীরিক খোজখবর নেন এবং এলাকাবাসীর দোয়া কামনা করেন। নিউইয়র্কে বসবাসকারী আব্দুস সাত্তার সিদ্দিকীর পরিবারের পক্ষ থেকেও দোয়া কামনা করা হয়েছে।

যুক্তরাষ্ট্র বিএনপি নেতা আব্দুল লতিফ সম্রাট নড়াইলে হামলার শিকার : আহত ২০



বাংলা পত্রিকা ডেস্ক: কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি বর্ষীয়ান রাজনীতিবিদ আব্দুল লতিফ সম্রাট-এর উপর নড়াইলে হামলার ঘটনা ঘটেছে। রোববার (১৮ মে) বিকেলে কালিয়ার যোগানিয়া বাজার মোড় এলাকায় এই ঘটনা ঘটে। হামলায় আব্দুল লতিফ সম্রাট অন্তত ২০ জন আহত হন। সম্রাটকে প্রাথমিক চিকিৎসা দিয়ে গোপালগঞ্জ সদর হাসপাতাল থেকে ঢাকায় রেফার্ড করা হয়েছে। এই ঘটনায় যুক্তরাষ্ট্রে বসবাসকারী বিএনপির নেতৃবৃন্দ তীব্র নিন্দা জানিয়ে হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, বাংলাদেশ সফররত আব্দুল লতিফ সম্রাট সাংগঠনিক সফরে ঢাকা থেকে নড়াইল জেলার কালিয়া উপজেলার উদ্দেশ্যে যাওয়ার পথে যোগানিয়া বাজারে সন্ত্রাসীদের বাধার মুখে পড়েন। এসময় তার গাড়ী বহরে স্থানীয় সন্ত্রাসীরা দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে অতর্কিত হামলা করে এবং কয়েকটি মটর সাইকেল ও তাকে বহনকারী গাড়ী ভাঙচুর করে। এছাড়াও হামলাকারীরা কয়েকটি মটর সাইকেল আগুন দিয়ে পুড়িয়ে দেয়। হামলায় আব্দুল লতিফ সম্রাট গুরুতর আহত হয়ে জ্ঞান হারিয়ে ফেললে তাকে সাথে সাথে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকায় আনা হয়।

বিএনপি নেতা আব্দুল লতিফ সম্রাট জানান, তিনি বেন্দারচর সোয়াবিল এলাকায় একটি ঘোড়দৌড় প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে যাচ্ছিলেন। গোপালগঞ্জ হয়ে যোগানিয়া বাজার অতিক্রমের সময় তার বহরের ওপর সন্ত্রাসীরা লাঠিসোঁটা ও রড নিয়ে অতর্কিত হামলা চালায়। এতে বহরে থাকা ২০-২৫টি মোটরসাইকেল ভাঙচুর করা হয় এবং একাধিক মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেওয়া হয়। তিনি অভিযোগ করেন, এ হামলার পেছনে রয়েছে নড়াইল জেলা বিএনপির সভাপতি বিশ্বাস জাহাঙ্গীর আলমের অনুসারীরা। তিনি বলেন, এটি রাজনৈতিক প্রতিহিংসার নগ্ন বহিঃপ্রকাশ।

কালিয়া পৌর বিএনপির সহ-সভাপতি ও সাবেক পৌর কমিশনার রবিউল ইসলাম বলেন, 'বিএনপি নেতা সম্রাট ঢাকা থেকে নিজের নির্বাচনী এলাকায় ঘোড়দৌড় অনুষ্ঠানে যোগ দিতে আসেন। আমরা চাপাইল ব্রিজ থেকে মোটরশোভাযাত্রাসহ বেন্দারচরের উদ্দেশ্যে যাত্রা করি। যোগানিয়ায় পৌঁছালে হামলার মুখে পড়ি।'

নড়াইল জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মুন্সি আসাবুর রহমান আরাফাত অভিযোগ করেন, 'বিশ্বাস জাহাঙ্গীর, তাঁর ভাই মিঠু বিশ্বাস এবং অনুসারী আবুল খানের নেতৃত্বে শতাধিক সন্ত্রাসী এ হামলায় অংশ নেয়।'

ঘটনার পর রাত সাড়ে ৭টায় কালিয়া প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেন কালিয়া পৌর বিএনপির সাধারণ সম্পাদক সেলিম রেজা ইউসুফ। তিনি বলেন, 'বিশ্বাস জাহাঙ্গীর আলমের পোষ্য সন্ত্রাসীরা প্রতিহিংসাপরায়ণ হয়ে বিএনপি নেতা লতিফ সম্রাটের বহরে হামলা চালিয়েছে। আমরা দলের হাইকমান্ডের কাছে বিশ্বাস জাহাঙ্গীর ও তার সহযোগীদের বিএনপি থেকে বহিষ্কারের দাবি জানাচ্ছি এবং প্রশাসনের কাছে দোষীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।'



সংবাদ সম্মেলনে কালিয়া উপজেলা বিএনপির সভাপতি সরদার আনোয়ার হোসেন, উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক গোলাম কিবরিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

জেলা বিএনপির সভাপতি বিশ্বাস জাহাঙ্গীর আলম সব অভিযোগ অস্বীকার করে বলেন, 'আমি বর্তমানে ঢাকায় অবস্থান করছি। কে বা কারা এই ঘটনার সঙ্গে জড়িত, তা আমার জানা নেই। বিএনপির কেউ এই হামলার সঙ্গে যুক্ত নয়।'



নড়াগাতী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আশিকুর রহমান বলেন, 'ঘটনাটি আমরা অত্যন্ত গুরুত্ব সহকারে দেখছি। হামলাকারীদের চিহ্নিত করে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়া হবে।' তবে ঘটনার সময় পর্যন্ত কোনো লিখিত অভিযোগ বা মামলা দায়ের হয়নি বলেও জানান তিনি।

আব্দুল লতিফ সম্রাট-এর হামলার তীব্র নিন্দা এবং সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার দাবী

এদিকে যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি আব্দুল লতিফ সম্রাট-এর হামলার তীব্র নিন্দা জানিয়ে সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার দাবী করেছেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু এবং কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমদ।

এছাড়াও রাজশাহী মেডিক্যাল কলেজ ছাত্রদলের সাবেক নেতা, নিউইয়র্ক প্রবাসী ড. জাহিদুন্নবী দেওয়ান উক্ত ঘটনার বিষয়ে নিন্দা জানিয়ে বলেছেন যে, সম্রাট সাহেবের বাড়ী গোপালগঞ্জ। উনি নড়াইলের কালিয়া কেনো গেলেন সাংগঠনিক সফরে, বিষয়টা বোধগম্য হলো না। এটা কি স্থানীয় বিএনপির সাথে গোপালগঞ্জের প্রবাসীর দলীয় কোনো কোন্দল না তো। বিষয়টা দলের দেখা উচিত বলে তিনি অভিমত ব্যক্ত করেছেন।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্য

ফেডারেল ডিজএবিলিটি

(ফোন অফিস কি পেয়ে হয় না)

Immigration

(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

এইচ-২বি ভিসা ও তার ব্যাখ্যা ঃ

আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে এইচ-২বি ভিসা সম্পর্কে কিছু উল্লেখ করা হলো। যোগ্যতা, ব্যয় এবং কীভাবে আবেদন করতে হয়, এইচ-২বি সাময়িক অকৃষি (নন এ্যাগরিকালচারাল) শ্রমিক ভিসার গাইড।

গাইডে যা আছে ঃ

এইচ-২বি ভিসা কী?

যুক্তরাষ্ট্রের নিয়োগকর্তারা এইচ-২বি ভিসার মাধ্যমে বিদেশি শ্রমিকদের এদেশে আনতে পারবে সাময়িক অকৃষি (নন-এগ্রিকালচারাল) কাজের জন্য। এই ভিসা মূলত ব্যবহৃত হবে মওসুমি কাজের জন্য, জরুরী প্রয়োজনে অথবা আপ্যায়ন, নির্মাণ, ল্যাণ্ডস্কেপিং বা সিফুড প্রক্রিয়াজাতকরনের শিল্প-কারখানার প্রয়োজনে।

এই ভিসা এইচ-২এ'র মত এইচ-২বি ভিসা বিভিন্ন মওসুমি প্রয়োজনে ব্যবহার করা যাবে না–যুক্তরাষ্ট্রের শ্রমিকের প্রয়োজন মেটাতে এই কর্মসূচিতে বার্ষিক ৬৬ হাজার শ্রমিক অর্থবছরের দুই ভাগে ভাগ করে আনা যাবে।

এইচ-১বি এবং এইচ-২বি ভিসার মধ্যে পার্থক্য কী?

এইচ-১বি ভিসা অত্যন্ত দক্ষ শ্রমিকদের জন্য প্রযোজ্য, যাদের প্রায়শই আইটি, প্রকৌশলী বা স্বাস্থ্য সেবার ক্ষেত্রে কাজে লাগানো যাবে।

এই জন্য ব্যাচেলর ডিগ্রী অথবা উচ্চতর ডিগ্রী প্রয়োজন যাদের দীর্ঘ মেয়াদী কাজে নিয়োগ করা হবে। অন্যদিকে, এইচ-২বি ভিসা মূলত সাময়িকবাবে অকৃষি কাজ যেমন–আতিথেয়তা, নির্মান বা ল্যান্ড স্কেপিং শিল্পে নিয়োজ করা যাবে। এইচ-১বি ভিসার মত এইচ-২বি ভিসার জন্য উচ্চতর শিক্ষা বা দক্ষতা প্রয়োজন হয় না।

নিউইয়র্ক থেকে আলম খানের প্রশ্ন ঃ আমি একজন গ্রিনকার্ডধারী। আমি আমার স্ত্রীর মাধ্যমে গ্রিনকার্ড পেয়েছি। বাংলাদেশে আমার বাবা একা থাকেন। আমি তাকে এখানে আনতে চাই। আমি কিংবা আমার স্ত্রী তার জন্যে আবেদন করার ব্যাপারে উপুক্ত বলে বিবেচিত হই কিনা? এ বিষয়ে আপনার পরার্ম পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

আলম খানের প্রশ্নের উত্তর ঃ আপনার প্রশ্নের মতো প্রায় একই রকমের প্রশ্ন আমরা প্রায়শই পেয়ে থাকি এবং তার উত্তর প্রকাশ করা হয়ে থাকে। সে কারণে আমাদের প্রথম পরামর্শ হচ্ছে– আপনারা নিয়মিত আমাদের এই বিভাগ পড়ুন এবং আপনার প্রশ্নের মতো প্রশ্নের উত্তর সম্পর্কে ধারণা লাভ করুন।

আমাদের প্রথমেই জানা দরকার একজন গ্রিনকার্ডধারী কাদের জন্য আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হন। একজন গ্রিনকার্ডধারী নিম্নে উল্লেখিত তার আত্মীয়ের জন্য আবেদন করতে পারেনঃ

১) স্পাউস (স্বামী/স্ত্রী), ২) ২১ নিম্ন বয়সী অবিবাহিত সন্তান। উল্লেখ্য যে, গ্রিনকার্ডধারীরা তাদের বিবাহিত সন্তান, মা-বা এবং ভাই-বোনের জন্য আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হয় না।

সুতরাং, ইমিগ্রেশন আইন অনুযায়ী একজন ইউএস সিটিজেন তার স্পাউস, ২১ নিম্ন, ২১ ঊধ্ব বয়সী বিবাহিত/অবিবাহিত সন্তান ভাই-বোন এবং মা-বাবার জন্যে আবেদন করতে পারেন।

এখন আপনি একজন গ্রিনকার্ডধারী সে কারণে ইমিগ্রেশন আইন অনুযায়ী আপনি আপনার মা-বাবার জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন না। এ ক্ষেত্রে আপনার বাবার জন্যে আবেদন করতে হলে আপনাকে সিটিজেনশীপ লাভ পর্যন্ত অপেক্ষা করতে হবে।

আর আপনার স্ত্রী ইউএস সিটিজেন হলেও ইমিগ্রেশনের নিয়ম অনুযায়ী তিনি আপনার বাবার জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বরে বিবেচিত হবেন না। সুতরাং আপনাকে আপনার সিটিজেনশীফ লাভ করা পর্যন্ত অপেক্ষা করতে হবে।

এ ব্যাপারে সুস্পষ্ট ধারণা লাভ করতে চাইলে এবং প্রয়োজনবোদে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন। যিনি সাক্ষাতে আপনার সাথে কথা বলে উপযুক্ত পরামর্শ দিতে পারবেন। কারণ ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে যথাযথ ধারণার মাধ্যমে সঠিকভাবে অগ্রসর হওয়া উত্তম। এতে সময়ের অপচয় রোধ হয় এবং কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছা সম্ভব হয়।

জুন ২০২৫ ভিসা বুলেটিনঃ ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জুন ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জুন ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। জুন ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা তুলে ধরা হলো। উল্লেখ্য যে, "ফাইনাল এ্যাকশন ডেট" বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ নির্ণয় হবে ঐ তারিখের পূর্বে।

জুন ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি প্রেফারেন্সস ঃ প্রথম, (এফ১)ঃ ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যাঃ জুন ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান- অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সী) ঃ সেপ্টেম্বর ২২, ২০১৬।

তৃতীয়ঃ (এফ৩)ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যাঃ জুন ২২, ২০১১।

চতুর্থঃ (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন, জানুয়ারী ০১, ২০০৮।

পারিবারিক ও চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো। যাতে তিনি আপনার সাথে আলাপ করে সঠিক ও ভালো পরামর্শ দিতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (৩৮ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFI NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1998789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 686 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অভকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিয়াইটিস *স্বরভঙ্গ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রশ্রাব * অন্ডিস * অনিদ্রা *এ্যাটাক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমেরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

নিউইয়র্কে অনুষ্ঠিত হলো প্রথম আমেরিকান কারি অ্যাওয়ার্ড ২০২৫

প্রথম পৃষ্ঠার পর সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ আমন্ত্রিত অতিথি ছিলেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন আয়োজক 'প্রেসিডেন্ট বাইডেন অ্যাওয়ার্ড' প্রাপ্ত শেখ খলিলুর রহমান ও ইঞ্জিনিয়ার আকাশ রহমান। তারা বলেন, আমরা এই প্ল্যাটফর্মকে আন্তর্জাতিক পর্যায়ে তুলে নিতে চাই। শেফদের সম্মান ও উৎসাহ দিতেই এই আয়োজন।

'আমেরিকান কারি অ্যাওয়ার্ড' আয়োজনে ৮টি ভিন্ন ক্যাটাগরিতে রেস্টুরেন্ট শেফ ও হোম শেফদের সম্মাননা প্রদান করা হয়। এছাড়াও কয়েকজন সম্পাদক ও সাংবাদিককে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। প্রথমেই পুরষ্কার তুলে দেয়া হয় 'বেষ্ট হোম শেফ' প্রতিযোগিতায় বিজয়ীদের অ্যাওয়ার্ড।

কয়েক ধাপে আয়োজিত এই অনুষ্ঠানে নিউইয়র্কের জনপ্রিয় হোটেল-রেস্টুরেন্ট, গৃহিণী, শেফ ও ফুড ব্লগাররা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বাংলাদেশের 'ব্ল্যাক ডায়মন্ড খ্যাত' জনপ্রিয় সঙ্গীত শিল্পী বেবী নাজনীন সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ আর ৫ শতাধিক আমন্ত্রিত অতিথির উপস্থিতিতে মূল অনুষ্ঠান হয়ে ওঠে প্রবাসী বাংলাদেশীদের মিলনমেলায়। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন নিউজ প্রেজেন্টার সাদিয়া খন্দকার।



















অনিশ্চয়তায় যুক্তরাষ্ট্রে বিদেশি

প্রথম পৃষ্ঠার পর ভর্তিতে বাধা এলে তারা আর্থিকভাবে বড় ক্ষতির মুখে পড়বে।

একই সময়ে নিউইয়র্কের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধেও অভিযোগ উঠেছে ইহুদি শিক্ষার্থীদের হয়রানি ঠেকাতে উদাসীনতার। ট্রাম্প প্রশাসনের মতে, অক্টোবর ২০২৩ থেকে চলা হয়রানির ঘটনায় বিশ্ববিদ্যালয়টি ১৯৬৪ সালের সিভিল রাইটস আইন লঙ্ঘন করেছে। কলম্বিয়া বলেছে, তারা সরকারকে সহযোগিতা করছে এবং সব ধরনের বৈষম্যের বিরুদ্ধে প্রতিশ্রুতিবদ্ধ।

এই পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রে বিদেশি শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে পড়েছে। বিশেষ করে যেসব শিক্ষার্থী এখনো ডিগ্রি শেষ করেননি, তাদের অন্য প্রতিষ্ঠানে স্থানান্তরের ঝুঁকি তৈরি হয়েছে।

সিএনএন ও এপি'র প্রতিবেদনের তথ্যমতে, বিশ্বের অন্যতম প্রাচীন ও শীর্ষ শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়টিতে বর্তমানে ২৭ দশমিক ৩ শতাংশ শিক্ষার্থীই বিদেশি। এই অবস্থায় হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ বিশ্ববিদ্যালয়টিতে বিদেশি শিক্ষার্থী ভর্তির অনুমোদন বাতিল করেছে। একদিন পর শুক্রবার একজন ফেডারেল বিচারক বিদেশি শিক্ষার্থী ভর্তির অনুমোদন বাতিলের এই নিষেধাজ্ঞা সাময়িকভাবে স্থগিত করেছেন। তবে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে বিদেশি শিক্ষার্থী ভর্তিতে অনিশ্চয়তা কাটেনি। এছাড়াও কলোম্বিয়া বিশ্ববিদ্যালয়সহ বেশকটি বিশ্ববিদ্যালয়ে বিদেশি শিক্ষার্থী সংক্রান্ত বিষয়ে ট্রাম্প প্রশাসনের নিষেধাজ্ঞা আসতে পারে এমন শংকা সংশ্লিষ্টদের।

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ইহুদি শিক্ষার্থীদের হয়রানির অভিযোগ এনেছে ট্রাম্প প্রশাসন। ট্রাম্প প্রশাসনের দাবি, কলম্বিয়া বিশ্ববিদ্যালয় ইহুদি শিক্ষার্থীদের হয়রানি ঠেকাতে ইচ্ছাকৃতভাবে উদাসীন থেকেছে। ২০২৩ সালের অক্টোবর থেকে এসব ঘটনা ঘটছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ।

শনিবার সিএনএনের প্রতিবেদনে বলা হয়, বিশ্ববিদ্যালয়টি ১৯৬৪ সালের সিভিল রাইটস আইন লঙ্ঘন করেছে বলে অভিযোগ আনা হয়েছে। এ বিষয়ে কলম্বিয়া জানিয়েছে, তারা সরকারকে সহায়তা করছে এবং ক্যাম্পাসে ইহুদি বিদ্বেষসহ যেকোনো বৈষম্যের বিরুদ্ধে প্রতিশ্রুতিবদ্ধ।

এর আগে ট্রাম্প প্রশাসন বৃহস্পতিবার হার্ভার্ডে বিদেশি শিক্ষার্থী ভর্তির অনুমোদন বাতিল ঘোষণা করে। পাশাপাশি বর্তমান বিদেশি শিক্ষার্থীদের অন্য প্রতিষ্ঠানে স্থানান্তরেও নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। এ ছাড়া হার্ভার্ডের জন্য অর্থ বরাদ্দও বাতিল করা হয়েছে। বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থী ভর্তি, কর্মকর্তা ও কর্মী নিয়োগে নজরদারি করতে চায় ট্রাম্প প্রশাসন। কিন্তু এ দাবি মানতে নারাজ হার্ভার্ড। ইতোমধ্যে বিদেশি শিক্ষার্থীদের ভর্তিতে বাধা দেওয়ায় ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে মামলাও করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বোস্টনে করা মামলায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পদক্ষেপকে আইনের 'স্পষ্ট লঙ্ঘন' বলে অভিহিত করা হয়েছে।

অ্যাসোসিয়েট প্রেস -এপির প্রতিবেদনে বলা হয়, হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু বিদেশী শিক্ষার্থীদের জন্য পরিস্থিতি অনিশ্চিত হয়ে পড়েছে। যারা এ সেমিস্টারে স্নাতক করছেন, তারা তাদের ডিগ্রি সম্পন্ন করতে পারবেন। তবে যারা এখনো ডিগ্রি শেষ করেননি, তাদের হয়তো অন্য বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত হতে হবে।

ট্রাম্প প্রশাসনের ভাষ্যমতে, অন্য বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত না হলে তারা যুক্তরাষ্ট্রে থাকার আইনি অধিকার হারানোর ঝুঁকিতে থাকবেন।

ট্রাম্প প্রশাসন হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের বিদেশী শিক্ষার্থীভর্তি ক্ষমতা বাতিলের একদিন পর ফেডারেল আদালতের বিচারক এই নিষেধাজ্ঞা সাময়িকভাবে স্থগিতকরেছেন। প্রাচীন বিশ্ববিদ্যালয় হার্ভার্ড কর্তৃপক্ষ শুক্রবার শিক্ষার্থী ভর্তিক্ষমতা বাতিলের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করে। এর প্রেক্ষিতে ডিস্ট্রিক্ট আদালতের বিচারকঅ্যালিসন বারোউস সাময়িক স্থগিতাদেশটি দেন।

মামলায় হার্ভার্ড দাবি করে, স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটরপ্রোগ্রামে তাদের সার্টিফিকেশন বাতিল করা সরকারের মতাদর্শগত নীতির বিরোধিতার জন্যএকটি ঁপরিষ্কার প্রতিশোধমূলকচ পদক্ষেপ। অপরদিকে হার্ভার্ডের ট্রাম্প প্রশাসনের ৮২.৬৫ বিলিয়নফেডারেল তহবিল স্থগিত করার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে এর আগে আরেকটি মামলা দায়ের করেছে।

হার্ভার্ডের তথ্য অনুসারে, ২০২৪ সালে বিশ্ববিদ্যালয়টিতে ৬ হাজার ৭০৩ জন আন্তর্জাতিক শিক্ষার্থী ভর্তি হন। বিদেশি শিক্ষার্থী ভর্তি করার সক্ষমতা হারিয়ে বড় আকারে আর্থিক ক্ষতির মুখে পড়ার শঙ্কায় হার্ভার্ড। প্রতিবছর টিউশন বাবদ লাখ লাখ ডলার উপার্জন করে থাকে বিশ্ববিদ্যালয়টি।

যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয় পরিচালনাকারী সংস্থা আইভি লিগকে বৃহস্পতিবার একটি চিঠি পাঠান যুক্তরাষ্ট্র সরকারের হোমল্যান্ড সিকিউরিটি দপ্তরের সচিব ক্রিস্টি নোয়েম। তাতে বলা হয়, হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর (সেভিস) প্রোগ্রাম সার্টিফিকেশন প্রত্যাহার করে নেওয়া হয়েছে। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে। চিঠিতে হার্ভার্ড কর্তৃপক্ষকে বলা হয়, 'একাধিকবার অনুরোধ করার পরও আপনারা হোমল্যান্ড সিকিউরিটি দপ্তরকে চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করেননি। একই সঙ্গে ক্যাম্পাসে ইহুদি শিক্ষার্থীদের জন্য বৈরী পরিবেশ তৈরি ও হামাসপন্থি সহানুভূতিকে উস্কে দিয়েছেন। ফলে আপনাদের এই বিশেষ সুবিধা কেড়ে নেওয়া হয়েছে।'

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ মনে করে, হার্ভার্ড বিশ্ববিদ্যালয় ইহুদিবিদ্বেষ ছড়াচ্ছে; এমনকি ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের পক্ষ নিয়েছে।

হাজারো শিক্ষার্থীর পাশে থাকার অঙ্গীকার জানিয়ে ট্রাম্প প্রশাসনের পদক্ষেপকে বেআইনি বলে অভিহিত করে তীব্র নিন্দা জানিয়েছেন হার্ভার্ডের সভাপতি অ্যালান গার্বার। তিনি বলেন, এই পদক্ষেপে সামগ্রিকভাবে যুক্তরাষ্ট্রই ক্ষতির মুখে পড়ল। আন্তর্জাতিক শিক্ষার্থী ও শিক্ষাবিদদের সহায়তা করতে আমরা অঙ্গীকারবদ্ধ।

নিউইয়র্কের প্রতি পরিবার পাবেন ৫শ' ডলার

প্রথম পৃষ্ঠার পর রাজ্যের অতিরিক্ত কর রাজস্ব থেকে ২ বিলিয়ন ডলার বরাদ্দ করে এই সহায়তা বিতরণ করা হবে। এই রিফান্ডের সর্বোচ্চ পরিমাণ হবে ৪০০ ডলার যা মূলত অতিরিক্ত বিক্রয় কর থেকে সংগৃহীত অর্থ স্টেটবাসীর মধ্যে ফেরত দেওয়ার উদ্যোগ। যৌথভাবে ট্যাক্স ফাইল করলে প্রতি পরিবার পাবেন ৫০০ ডলার।

এই পদক্ষেপটি নেওয়া হয়েছে মুদ্রাস্ফীতির চলমান চাপ এবং নিউ ইয়র্কে উচ্চ জীবনযাত্রার খরচ মোকাবেলায় মধ্যবিত্ত ও কর্মজীবী মানুষদের আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে। এই রিফান্ড পাওয়ার জন্য করদাতাদের আলাদাভাবে কোনো আবেদন করতে হবে না।

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স ২০২৩ সালের ট্যাক্স রিটার্ন বিশ্লেষণ করে স্বয়ংক্রিয়ভাবে যোগ্য করদাতাদের ঠিকানায় চেক পাঠাবে। নিউ ইয়র্ক স্টেট গভর্নরের মুখপাত্র জানিয়েছেন, এই প্রক্রিয়া পুরোপুরি স্বয়ংক্রিয়; নতুন করে কোনো ফর্ম পূরণ করতে হবে না বা আলাদা করে আবেদন করার প্রয়োজন নেই। আপনি যদি যোগ্য হন, তাহলে মেইলের মাধ্যমে চেক পাঠানো হবে।

এই রিফান্ড পাওয়ার জন্য করদাতাকে ২০২৩ সালের নিউইয়র্ক স্টেট ইনকাম ট্যাক্স রিটার্ন জমা থাকতে বা দিতে হবে। যোগ্য হওয়ার জন্য একজন ব্যক্তির স্টেট ভিত্তিক সমন্বিত মোট আয় ১ লাখ ৫০ হাজার ডলার বা তার কম হতে হবে। আর যারা যৌথভাবে ট্যাক্স ফাইল করেছেন তাদের সম্মিলিত আয় ৩ লাখ ডলার বা তার কম হতে হবে।

রিফান্ডের পরিমাণ নির্ধারিত হবে করদাতার বার্ষিক আয় ও ফাইলিং স্ট্যাটাস অনুযায়ী। এককভাবে ট্যাক্স ফাইলকারীরা যদি ৭৫,০০০ ডলার বা তার কম আয় করেন, তারা ৩ শত ডলার পাবেন; আর যদি তাদের আয় ৭৫,০০১ ডলার থেকে ১৫০,০০০ ডলার এর মধ্যে হয়, তাহলে পাবেন ১৫০ ডলার। যারা যৌথভাবে ট্যাক্স রিটার্ন ফাইল করেছেন এবং যাদের সম্মিলিত আয় ১৫০,০০০ ডলার বা তার কম, তারা পাবেন ৫০০ ডলার, আর যদি আয় ১৫০,০০১ ডলার থেকে ৩০০,০০০ ডলার হয়, তাহলে পাবেন ৩০০ ডলার।

যদিও এখনো সুনির্দিষ্ট কোনো তারিখ জানানো হয়নি, কর্মকর্তারা আশা করছেন যে রিফান্ড চেকগুলো ২০২৫ সালের অক্টোবরে মধ্যে পাঠানো শুরু হবে।

অবৈধভাবে বসবাস: মিলিয়ন ডলার জরিমানা

প্রথম পৃষ্ঠার পর সালে প্রত্যাখান হয়ে যায়। এতে ডিপোর্ট আদেশ পাওয়ার পর তিনি যুক্তরাষ্ট্রে থেকে যান। এখানে তার পরিবার রয়েছে। তারা সবাই এদেশের নাগরিক। গত সপ্তাহে তাঁর ঠিকানায় ১.৮২০ মিলিয়ন ডলার জরিমানার নোটিশ আসে। ডিপোর্ট আদেশ পাওয়ার পরও এদেশে যতদিন ধরে অবস্থান করছেন সেই দিন হিসেব করে তাঁকে এ জরিমানা করা হয়। ফেডারেল কর্তৃপক্ষ থেকে বিপুল পরিমাণ অর্থের এ জরিমানা নোটিশ পেয়ে পরিবার নিয়ে বিপাকে পড়েছেন তিনি। নিরুপায় হয়ে তিনি অ্যাটর্নির দ্বারস্থ হয়েছেন।

২০১০ সালে ইমিগ্রেশন আদালতে অ্যাসাইলাম কেইস প্রত্যাখাত হওয়া এক বাংলাদেশি অভিবাসী যিনি এ খবর শুনে চরম দুশ্চিন্তায় পড়েছেন। তিনি জানান, ১৯৯৯ সালে তিনি এদেশে আসেন। এরপর রাজনৈতিক আশ্রয় চেয়ে অ্যাসাইলাম কেইস করেন। এর মধ্যে তিনি গ্রিনকার্ডধারী একজন বাংলাদেশিকে বিয়ে করেন। বর্তমানে তাদের দুজন সন্তান রয়েছে যারা এদেশে কলেজে পড়াশুনা করেছে। দীর্ঘদিন পর আদালতের বিচারক সেটি প্রত্যাখান করে ডিপোর্ট আদেশ দেন। বিষয়টি নিয়ে পরবর্তীতে কোন আইনী প্রক্রিয়া গ্রহণ করিনি, কারণ এরকম আইন সম্পর্কে কোন ধারণা ছিলোনা। কোনদিন কোন সমস্যায়ও পড়তে হয়নি।

ওই ব্যক্তি আরো জানান, গত বছর ইমিগ্র্যান্ট সংক্রান্ত বাইডেনের নতুন সুবিধা ঘোষণার পর আবেদন করেছিলাম। কিন্তু এখন ট্রাম্প প্রশাসন বাতিল করে দিয়েছে। এরকম ঘটনার শুনার পর এটর্নীর কাছে গিয়েছিলাম পরামর্শের জন্য। এটর্নীও আপতত বিষয়টি পর্যবেক্ষণ করার জন্য বলেছেন। এরকম নোটিশ আসলে দ্রুত যোগাযোগ করতে বলেছেন। তবে জরিমানা হলে আইনী প্রক্রিয়ায় এরকম জটিল বিষয় থেকে সমাধান পাবো কিনা জানিনা।

ইমিগ্রেশন বিশ্লেষক মইনউদ্দিন নাসের বলেন, বিষয়টি খুবই উদ্বেগের। ডিপোর্ট আদেশ পাওয়ার পর এরকম যারা কোন আইনী প্রক্রিয়া ছাড়া এদেশে ছিলেন তাদেরকে জরিমানা করার আইন দীর্ঘদিনের পুরোনো। এ আইন এতদির প্রয়োগ করেনি কর্তৃপক্ষ। এখন সেটি প্রয়োগ করা হচ্ছে। তাই এরকম ঝুঁকিতে যারা আছেন তারা এরকম বিষয় ও নিজের স্থাবর সম্পত্তি সবকিছুর আইনীভাবে সুরাহা করা প্রয়োজন। এছাড়া বিষয়টি নিয়ে আগে থেকে এটর্নীর সাথে পরামর্শ করা খুবই গুরুত্বপূর্ণ। গ্রেপ্তার হয়ে ডিপোর্ট হওয়া থেকে নিজ থেকে সেলফ ডিপোর্ট এর মাধ্যমে দেশে ফিরে যাওয়া উচিত। তাহলে ৮ বছর পর আবার বৈধভাবে আবার ফিরে আসার সুযোগ থাকবে। এক্ষেত্রে বুঝেশুনে সঠিক সিদ্ধান্ত নেয়া দরকার।

ইন্টারন্যাশনাল বার অ্যাসোসিয়েশনের পরিচালক ও ইমিগ্রেশন বিশেষজ্ঞ অ্যাটর্নি মঈন চৌধুরী জানান, জরিমানা নোটিশপ্রাপ্ত ওই ব্যক্তি একজন বাংলাদেশি। তাঁর প্রাইভেসীর জন্য নাম প্রকাশ করা সম্ভব না। ২০ বছর আগে তাঁর অ্যাসাইলাম কেইস আদালতে প্রত্যাখ্যাত হওয়ার পর তিনি যুক্তরাষ্ট্রে থেকে যান। এজন্য তাঁকে এ জরিমানা করা হয়েছে।

মঈন চৌধুরী জানান, যারা ডিপোর্ট আদেশ পাওয়ার পরও এদেশে অবস্থান করছেন কোন আইনী পদক্ষেপ ছাড়া তারা এ ধরনের চিঠি এখন পেতে পারেন। এ সংক্রান্ত ইমিগ্রেশন ন্যাশনালিটি অ্যাক্টের (আইএনএ) ধারায় ১৯৫২ সালের আইনটি ১৯৯৬ সালে আইনটি সংস্কার করা হয়েছিল। সেই আইনের আওতায় এ জরিমানা করা হচ্ছে। আগে এই আইনটি বলবৎ ছিল। কিন্তু কার্যকর ছিল না তেমন। ট্রাম্প প্রশাসন এই আইনের প্রয়োগ করছে। কেউ যদি এরকম জরিমানার চিঠি পান তাহলে তার আত্মপক্ষ সমর্থনের সুযোগ রয়েছে। ইমিগ্রেশন সদয় হলে এ বিষয়টি পুনর্বিবেচনা করা হতে পারে। এজন্য দেরী না করে অ্যাটর্নির সঙ্গে পরামর্শ করা উচিত।

'দায়িত্ব পালনে বাধা এলে সব জনসমক্ষে জানাবে

৩-এর পৃষ্ঠায় পর হিসেবে তবে সরকার তা আর চুপচাপ মেনে নেবে না। সব কারণ জনসমক্ষে উত্থাপন করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।'

জুলাই অভ্যুত্থানের জনপ্রত্যাশাকে ধারণ করেই অন্তর্বর্তী সরকার যাত্রা শুরু করেছিল বলে বৈঠকে মনে করিয়ে দেওয়া হয়। তবে সরকারের স্বকীয়তা, বিচার ও সংস্কারপ্রক্রিয়া এবং সুষ্ঠু নির্বাচনের পথে যদি কেউ বাধা হয়ে দাঁড়ায়, তাহলে সরকার জনগণকে সঙ্গে নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে দ্বিধা করবে না বলেও সাফ জানিয়ে দেয় উপদেষ্টা পরিষদ।

এনইসি সম্মেলনকক্ষে বেলা ১১টা থেকে দুপুর ১২টা ২০ মিনিট পর্যন্ত একনেক সভা অনুষ্ঠিত হয়। প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে বৈঠকে অন্তর্বর্তী সরকারের অন্য উপদেষ্টারা উপস্থিত ছিলেন। একনেক সভা শেষে উপদেষ্টা পরিষদের বৈঠক শুরু হয়ে চলে বেলা ২টা ২০ মিনিট পর্যন্ত।

উপদেষ্টা পরিষদের অনির্ধারিত বৈঠকের পর পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ সাংবাদিকদের বলেন, 'প্রধান উপদেষ্টা যাচ্ছেন না, আমাদের সঙ্গে থাকছেন। তিনি পদত্যাগ করবেন বলেননি, তিনি অবশ্যই থাকছেন। অন্য উপদেষ্টারাও থাকছেন। আমাদের ওপর অর্পিত দায়িত্ব বড় দায়িত্ব, আমরা সে দায়িত্ব পালন করতে এসেছি। এ দায়িত্ব ছেড়ে আমরা যেতে পারব না।'

আ. লীগের কার্যক্রম নিষিদ্ধের পর

প্রথম পৃষ্ঠার পর বৈঠকের আলোচনা নিয়ে জানাতে এক সংবাদ সম্মেলন করেন প্রেস সচিব।

শফিকুল আলম বলেন, প্রধান উপদেষ্টা যত দিন আছেন, তত দিন দেশের অনিষ্ট হয় এমন কোনো কাজ তাঁকে (প্রধান উপদেষ্টা) দিয়ে হবে না বলে তিনি রাজনৈতিক দলের নেতাদের নিশ্চিত করেছেন।

শফিকুল আলম প্রধান উপদেষ্টাকে উদ্ধৃত করে বলেন, দেশ বড় যুদ্ধাবস্থার ভেতরে আছে। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ হওয়ার পরে ডিস্ট্যাবিলাইজ (অস্থিতিশীল) করার জন্য তারা সব রকম চেষ্টা করছে। এ থেকে দেশকে রক্ষা করতে হবে। প্রধান উপদেষ্টা বলেছেন, বিভাজন থেকে উদ্ধার পেতে হবে এবং ঐকমত্য থাকতে হবে। সবাই একসঙ্গে বসাতে তিনি মনে সাহস পেয়েছেন। তিনি আরও বলেছেন, সুষ্ঠু নির্বাচন না করতে পারলে তিনি অপরাধী অনুভব করবেন।

শফিকুল আলম জানান, বৈঠকে রাজনৈতিক দলের নেতারা সংস্কার, বিচার এবং নির্বাচন নিয়ে সরকার যে কাজ করছে, তাতে প্রধান উপদেষ্টাকে সমর্থন জানিয়েছেন। তিনি বলেন, 'তাঁরা বলেছেন যে তাঁরা আমাদের চিফ অ্যাডভাইজার এবং আমাদের ইন্টেরিম গভর্নমেন্টের পাশে থাকবেন।'

বৈঠকে নির্বাচন এবং সংস্কারের বিষয়ে কথা হয়েছে বলে জানান শফিকুল আলম। তিনি বলেন, প্রধান উপদেষ্টা আবারও জানিয়েছেন, নির্বাচন ডিসেম্বর থেকে জুনের মধ্যে করা হবে; ৩০ জুনের পরে যাবে না। এতে রাজনৈতিক দলগুলো সন্তোষ প্রকাশ করেছেন বলেও জানান প্রেস সচিব।

বৈঠকে শিল্প উপদেষ্টা আদিলুর রহমান, মুক্তিযুদ্ধবিষয়ক উপদেষ্টা ফারুক-ই-আজম এবং ধর্ম উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন উপস্থিত ছিলেন বলে জানান শফিকুল আলম।

নিজ অবস্থানে অনড় দলগুলো: তিন উপদেষ্টার পদত্যাগ

৩-এর পৃষ্ঠায় পর এবং চট্টগ্রাম বন্দর নিয়ে সরকারের কর্মকাণ্ডে জাতীয় স্বার্থে রক্ষিত হচ্ছে কিনা, তা বিবেচনায় নেওয়া দরকার। জাতীয় গুরুত্বপূর্ণ ও দীর্ঘমেয়াদি নীতিনির্ধারণী সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার অন্তর্বর্তী সরকারের আছে বলে জনগণ মনে করে না।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রতি ইঙ্গিত করে বিএনপির চিঠিতে বলা হয়েছে, যে উপদেষ্টারা নতুন রাজনৈতিক দলের সঙ্গে জড়িত বলে সবাই জানে ও বুঝে; তারা সরকারের নির্দলীয়-নিরপেক্ষ পরিচয়কে প্রশ্নবিদ্ধ করে চলেছেন।

রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের ভিত্তিতে 'সংস্কার সনদ' তৈরির প্রক্রিয়ার মধ্যে স্থানীয় সরকার নির্বাচনের দাবিতে এনসিপির নির্বাচন কমিশন ঘেরাও কর্মসূচিকে বিএনপি এবং সরকারের জন্য বিব্রতকর বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়, সার্চ কমিটির মাধ্যমে আইনানুযায়ী গঠিত কমিশনকে অন্যায় ও অযৌক্তিকভাবে প্রশ্নবিদ্ধ করা হচ্ছে। কমিশনের সাংবিধানিক দায়িত্ব সংসদ ও রাষ্ট্রপতি নির্বাচন আয়োজন। এমতাবস্থায় স্থানীয় সরকার নির্বাচনের দাবিতে কমিশন ঘেরাও উদ্দেশ্যমূলক ও রহস্যজনক। যেসব বক্তব্য চিঠিতে উল্লেখ করা হয়েছে, সেগুলো 'আগের মতোই' আমলে না নিলে বিএনপি সরকারকে সহযোগিতার উদ্দেশ্যে পরামর্শ দিতে নিরুৎসাহিত হবে।


বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, 'নিরাপত্তা উপদেষ্টা এবং দুই ছাত্র উপদেষ্টার পদত্যাগের কথা আমরা লিখিত বক্তব্যে জানিয়েছি। আগেও জানিয়েছি। যাদের কারণে এই সরকারের নিরপেক্ষতা ক্ষুণ্ন হচ্ছে, তাদের বাদ দেওয়ার জন্য মুখেও বলেছি।'

ডিসেম্বরের মধ্যে নির্বাচন আয়োজনে রোডম্যাপ ও অন্যান্য দাবির বিষয়ে আশ্বাস পেয়েছেন কিনা জানতে চাইলে সালাহউদ্দিন আহমেদ বলেন, 'তারা কথা শুনেছেন। এখন তাদের কোনো বক্তব্য থাকলে সংবাদমাধ্যম দিয়ে পুরো জাতিকে জানাবেন। আমরা আমাদের বক্তব্য দিয়েছি।'

নির্বাচনের রোডম্যাপ প্রসঙ্গে প্রশ্নের জবাবে সালাহউদ্দিন বলেন, 'সুনির্দিষ্টভাবে এই রকমের কোনো কথা হয়নি। তিনি (প্রধান উপদেষ্টা) সুনির্দিষ্টভাবে কিছু জানাননি। আমরা আমাদের দাবি জানিয়েছি। হয়তোবা উনারা প্রেসের মাধ্যমে জানাবেন। সেজন্য অপেক্ষা করব। এখনই কোনো প্রতিক্রিয়া জানানোর প্রয়োজন নেই। সংবাদমাধ্যমকে তারা কী বলেন, তা শুনে আমরা প্রতিক্রিয়া দেব।'

বিএনপির স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন বলেন, সংস্কার, বিচার এবং নির্বাচনের আলোচনা হয়েছে। আশা করছি, সরকার ঐকমত্যের ভিত্তিতে সংস্কারের বিষয় ঠিক করবে। তা চলমান থাকবে। যদি ভবিষ্যতে জনগণ ক্ষমতায় বসায় বিএনপিকে, সংস্কারগুলো বাস্তবায়নে চেষ্টা করবে।

মোশাররফ হোসেন বলেন, নির্বাচন বিলম্বিত হলে স্বৈরাচার ফেরার ক্ষেত্র প্রস্তুত হবে। এর দায়দায়িত্ব বর্তমান সরকার এবং তাদের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তির ওপরে বর্তাবে। মানুষ বিশ্বাস করে, অন্তর্বর্তী সরকারের মূল দায়িত্ব সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রে উত্তরণের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

চারদিনব্যাপী নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা'র সমাপ্ত আজ








প্রথম পৃষ্ঠার পর

তথ্য জানান।

বইমেলার দ্বিতীয়-তৃতীয় দিন: ৩৪তম নিউইয়র্ক আন্তর্জাতিক বইমেলার দ্বিতীয়-তৃতীয় দিনও (২৪-২৫ মে) ছিলো সর্বস্তরের বইপ্রেমীদের সমাগম। মেলায় প্রায় দুই ডজনের মতো স্টল বসলেও বই কেনাবেচা হয়েছে কম। দ্বিতীয় দিনের অনুষ্ঠানমালার মধ্যে ছিলো নতুন বইয়ের মোড়ক উন্মোচন, আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান। আলোচনায় মেলার উদ্বোধক এই সময়ের জনপ্রিয় তরুণ লেখক সাদাত হোসাইন সহ আমন্ত্রিত অতিথি ও প্রবাসের লেখকগণ আলোচনায় অংশ নেন। সাংস্কৃতিক পর্বে প্রবাসের জনপ্রিয় শিল্পীরা অংশ নেয়।

এদিন মেলায় মহান মুক্তিযুদ্ধের স্মৃতি নিয়ে তৈরী ফটো গ্যালারী তথা মুক্তিযুদ্ধের কর্ণার উদ্বোধন করেন বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন আমেরিকান বন্ধু ফিলিস টেইলর উল্লেখ্য, এবারের মেলার আহ্বায়ক সাংবাদিক রোকেয়া হায়দার।

প্রবীণ সাংবাদিক ও লেখক মনজুর আহমদ বইমেলার দ্বিতীয় দিন সম্পর্কে তার অভিব্যাক্তি প্রকাশ করেছেন এই বলে- 'মুক্তধারার স্টলে আমার বই 'আমার সেই সময়'। বিশ্বজিৎ জানালেন, বইটির বিক্রি অত্যন্ত সন্তোষজনক। এই দুই দিনে প্রতিদিনই ৬/৭ কপি করে বিক্রি হয়েছে। নিউইয়র্কে বইটার এমন চাহিদার কথা শুনে খুব ভাল লাগল।'

উদ্বোধনী অনুষ্ঠান: বার্তা সংস্থা ইউএনএ জানায়, বর্ণাঢ্য আয়োজন আর উৎসবমুখর পরিবেশে 'যত বই তত প্রাণ' শ্লোগানে নিউইয়র্কে শুরু হয় চারদিনব্যাপী 'নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা-২০২৫'। বিগত কয়েক বছরের মতো এবারের ৩৪তম বইমেলাও অনুষ্ঠিত হচ্ছে জামাইকা পারফর্মিং আর্টস সেন্টারে। বইমেলার আয়োজক মুক্তধারা ফাউন্ডেশন। শুক্রবার (২৩ মে) বিকেলে অতিথিদের সাথে নিয়ে ফিতা কেটে মেলার উদ্বোধন করেন বাংলাদেশের তরুণ জনপ্রিয় কবি ও ঔপন্যাসিক সাদাত হোসাইন। মেলা চলবে সোমবার পর্যন্ত।


এবারের বইমেলার প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন আমেরিকান বন্ধু ফিলিস টেইলর এবং বিশেষ অতিথি ছিলেন বরেণ্য ব্যক্তিত্ব সিপিডি'র চেয়ারম্যান ড. রেহমান সোবহান, ক্যাপ্টেন (অব:) সিতারা বেগম (বীর প্রতীক), কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গায়ত্রী চক্রবর্তী স্পিভাক এবং অধ্যাপক রওনক জাহান। উদ্বোধনী পর্বে অতিথি ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বইমেলার আহবায়ক সাংবাদিক রোকেয়া হায়দার, ফাউন্ডেশনের চেয়ারপারসন অ্যধ্যাপক ডা. জিয়াউদ্দীন আহমেদ, এবং মুক্তধারা ফাউন্ডেশনের সিইও বিশ্বজিৎ সাহা। এসময় ফাউন্ডেশনের উপদেষ্টা ড. নজরুল ইসলাম, গোলাম ফারুক ভূঁইয়া, সৌদ চৌধুরী ও ওবায়দুল্লাহ মামুন সহ দেশ-বিদেশের কবি-লেখক-প্রকাশক সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। উদ্বোধনের পর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। মেলায় ২০টির মতো প্রকাশনা সংস্থা অংশ নিচ্ছে।

বৃষ্টিস্নাত শুক্রবার বিকেলে মনোজ্ঞ সঙ্গীত আর নৃত্য দিয়ে বইমেলার আনুষ্ঠানিকতা শুরু হয়। প্রবাসে বেড়ে উঠা নতুন প্রজন্মের শিল্পীদের দলীয় নৃত্য উপস্থিত দর্শক-শ্রোতাদের মুগ্ধ করে। এরপর মূল মঞ্চের বাইরে বইমেলার উদ্বোধনের পর জামাইকা পারফর্মিং আর্টস সেন্টার মিলনায়তনে ৩৪টি মোমবাতি জ্বালিয়ে মেলার আনুষ্ঠানিক কর্মকান্ড শুরু হয়। আমন্ত্রিত অতিথি, কবি-লেখক, প্রকাশক ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা মোমবাতি প্রজ্জল করেন। এসময় অতিথিদের উত্তরীয় পরিয়ে দেয়া হয়। এই পর্বে সভাপতিত্ব করেন বইমেলার আহবায়ক রোকেয়া হায়দার। জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে শুরু হওয়া এই পর্বে অতিথিগণ সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন। পরে প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

উদ্বোধনী বক্তব্যে সাদাত হোসাইন তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, নিউইয়র্ক বইমেলা দেশের বাইরে বাংলা ভাষা ও সংস্কৃতিকে ছড়িয়ে দিতে ভূমিকা অব্যাহত রাখবে। আমি আশা করবো প্রবাসীরা এই অগ্রযাত্রার সাথে সম্পৃক্ত থেকে আগামী দিনে বইমেলাকে আরো সমৃদ্ধ করবেন। তিনি বাংলা ভাষার প্রতি যারা নিবেদিত প্রাণ রয়েছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বইমেলার উদ্বোধন করেন। উল্লেখ্য, বিগত ৩৪ বছর ধরে আয়োজিত প্রতিটি বইমেলার উদ্বোধক ছিলেন একজন লেখক এবং এবারের মেলার উদ্বোধক সাদাত হোসাইন-কে ঘিরে মেলায় অগতদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ছিলো লক্ষণীয়। বিশেষ করে তরুণ প্রজন্মের আকর্ষণ ছিলেন সাদাত হোসাইন।









নিউইয়র্ক বইমেলা-কে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের 'প্রাণের মেলা' হিসেবে আখ্যায়িত করে বিশ্বজিত সাহা মেলা আগম সকল দর্শক-শ্রোতা সহ সকল অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, মেলায় আগামী চার দিন শুধু বইয়ের উৎসব হবে। আয়োজন হবে মনোজ্ঞ অনুষ্ঠানের। এরমধ্যে বই নিয়েই বেশী অনুষ্ঠান থাকবে।

সাদাত হোসাইন-এর প্রতিক্রিয়া:

এদিকে বইমেলা উদ্বোধনের পররই লেখক সাদাত হোসাইন তার ফেসবুক পেইজে উদ্বোধনী পর্বেও কয়েকটি ছবির সাথে তাৎক্ষনিক প্রতিক্রিয়ায় লিখেন- 'জীবন কখনো কখনো স্বপ্নের চেয়েও সুন্দর... কিছু মুহূর্ত চিরঞ্জীব... যে ভালোবাসা ও সম্মান নিউইয়র্কবাসী দেখালেন তা আজীবন স্মৃতির মণিকোঠায় জ্বলজ্বল করে জ্বলবে। নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলার উদ্বোধনের মুহূর্ত... আর তারপর পাঠকের বিস্ময়কর ভালোবাসায় স্নাত এক সন্ধ্যা... এইসব ভালোবাসা অন্তহীন হোক... হোক অফুরান অনুপ্রেরণার উৎস...'

তার কিছুক্ষণ পর আবার লিখেন- 'এ এক অসাধারণ ভালোবাসার স্বাক্ষর... সাড়ে সাত হাজার মাইল দূরের নিউইয়র্ক বইমেলায়ও পাঠকের ভালোবাসার দীর্ঘ সারি... এইসব ভালোবাসা অন্তহীন হোক'।

একমাত্র শিশু সন্তান সাঈদ ইসমাইলকে সাথে নিয়ে বইমেলায় আসা কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সৈয়দ আল আমীন রাসেল তার প্রতিক্রিয়ায় বলেন, তিনি সহ মেলায় আগত অনেক দর্শকের চাহিদা ছিলো জুলাই বিপ্লব সম্পর্কিত বই। তিনি নিজেই এধরনের ৪/৫টি বই ক্রয় করেছেন। তিনি আরো জানান, তার সন্তানকে বইমেলার পাশাপাশি বাঙালী সংস্কৃতির সাথে পরিচিত করার জন্য ছোট সন্তানতে সাথে নিয়ে মেলায় এসেছেন। তার সন্তানও বইমেলা দেখে তার উপযোগী বই ইংরেজীতে অনুবাদ করে প্রকাশের কথা জানিয়েছে।




Mannan

HALAL SUPERMARKET

GRAND Opening

Brooklyn

FRIDAY 23RD MAY, 2025

TIME : 2.30 PM

FREE PARKING

HALAL MONITORING SERVICES ™ حلال HMS HALAL CERTIFIED AND MONITORED

24/7 OPEN

WE ACCEPT

EBT, DEBIT & CREDIT CARDS

446 CONEY ISLAND AVE, BROOKLYN, NY 11218

718-676-1223-4

Mannan

FREE GIFT



1ST 500 CUSTOMERS WILL GET A SUNFLOWER OIL (1LTR) FREE WITH A $25 PURCHASE ONE PER CUSTOMER OR FAMILY



50LB $27.99 EACH
DELTA STAR LONG GRAIN PARBOILED



10LB $5.99 LIMIT ONE
KHADIZA PILAU RICE



20LB $9.99
AASHIRAVAD WHOLE WHEAT ATTA



20LB $16.99
GOLDEN TEMPLE



50LB $23.99 EACH
RICELAND WHITE RICE EXTRA LONG GRAIN



$16.99 EACH
RAJKUMARI BASMATI RICE 20LB



$9.99 EACH
SHAD KALIJEERA RICE 10LB



2/$7.00
CREAM-O-LAND GALLON MILK



2.5KG $22.99
ANCHOR MILK POWER



400GM 2/$5.00
ISPAHANI MIRZAPORE TEA



560GM 3/$9.99
MAGGI NOODLES



24 OZ $3.99 EACH
LAXMI GINGER GARLIC PASTE



5OZ 4/$5.00
BUMBLE BEE CHUNK LIGHT TUNA



$13.99
LAXMI MUSTARD OIL 5 LTR



5Liters $9.99 EACH
SHAHI SUNFLOWER OIL



32.5 LTR $29.99
SWAD VEGETABLE CANOLA OIL



2LB PACK $9.99 31-40 SIZE
SHRIMP EASY PEEL



EXCEPT SHAHJALAL $11.99 EACH
HILSHA 800-1000 SIZE



EXCEPT SHAHJALAL $14.99 EACH
HILSHA 1000-1200 SIZE



EXCEPT SHAHJALAL $11.99 EACH
ROHU 3KG



EXCEPT SHAHJALAL $13.99 EACH
ROHU 4KG



EXCEPT SHAHJALAL $19.99 EACH
MRIGEL 3KG



EXCEPT SHAHJALAL $24.99 EACH
MRIGEL 4KG



1-2 KG SIZE $2.99 LB
PANGASH

SALE DATE FROM MAY 22, 2025 TO JUNE 03, 2025 (PRICES ARE SUBJECT TO CHANGE WITHOUT NOTICE)

সাহিত্য সাময়িকী

পরিচয়
মেহেদী ইকবাল

লোকটা দেখতে মানুষের মতো
কিন্তু সে আসলে নিঃশব্দ বেড়াল
যে পৃথিবীতে ঘুরে বেড়ায় ছোট একটা মাছের জন্য।
লোকটা প্রান্তরে শুয়ে থাকা একমুঠো ঘাস
যে সারাদিন শুধু তাকিয়ে থাকে আকাশের দিকে
ডোরাকাটা ছোট একটা প্রজাপতি দেখে অপার আনন্দ তার!
লোকটা জলের প্রসারিত ডানা
যে ঢেউ হয়ে নদীর সাথে উড়ে যায় সমুদ্রের দিকে
সমুদ্রে ঠান্ডা পাথরের নীচে খুব ছোট লোকটার ঘর
লোকটার সান্নিধ্য পেলে পাথর খুশি হয় খুব!

লোকটার কেন জানি হাসি পায় আত্মার কথা শুনে
লোকটা অন্ধকারে দেখেছে চোখ গনগনে চিতার।

লোকটা দেখতে মানুষের মতো
কিন্তু সে আসলে ডানা হারানো পাখি
যে পাখি উড়তে না পারার বেদনা নিয়ে
জেগে থাকে সমস্ত রাত!



অন্য নক্ষত্র
মৌসুমী পুলেন

তোমার করতলে বেড়ে ওঠে শাল বৃক্ষের মতো বিশ্বাসের বৈভব
লোবানের ঘ্রাণ আর সূর্যাস্ত ফিকে হয়ে বহুরূপী
অন্ধকার নামে কর্নিয়া জুড়ে

ভালবাসার ঘুঘু মনের মাধুরী
মিশিয়ে দুপুর খুঁটে খুঁটে খায়
একদিন আমি পরিযায়ী পাখি হলে
আক্ষেপ কোরো না
মুহূর্ত পারদের মতো উঠা নামা করে
সুখ দুঃখের থার্মোমিটারে।

সখের উপন্যাসও পাঠ শেষে কেবলই

বিহত বৃহন্নলা
রুহুল কাদের

প্রশ্ন ঘুরছে তীরের মতো। মাথা খুঁজছে,
ঘাড় খুঁজছে
হন্যে হয়ে খুঁজছে বুক
প্রশ্নের বীজ বুনেছে সবাই যত্রতত্র;
প্রশ্ন করছে পরিপক্ব লোক,
প্রশ্ন করছে উত্তরলুকোনো লোক।

প্রশ্ন ছড়িয়ে পড়ছে মহামারি, মড়কের মতো

পিতা প্রশ্নবিদ্ধ, মা প্রশ্নবিদ্ধ। জন্মও প্রশ্নবিদ্ধ
প্রশ্নাতীত নয় মৃতের শেষ শয্যা চিরদিনের
সমাধিগুহা।
মানুষ প্রশ্নবাণে নগ্ন করছে
দামি সাজপোশাকে ঢেকে রাখা
শরীর, সম্ভ্রম,
প্রশ্ন নিয়ে ছুটে আসছে অর্বাচীন।
প্রশ্নের বান দেখে পালাচ্ছে বিজ্ঞ প্রবীণ
প্রশ্নকাঁধে ছুটে আসছে চতুর শিকারী।
পল্লবিত প্রশ্নবৃক্ষ ভর মৌসুমে ভীষণ সুফলা
উত্তর শুয়ে আছে ঝরা পাতার মতো;
নির্বল উত্তর বৈরীবেলায় কাঁপে যেন বিহত বৃহন্নলা

আত্মহত্যার চিরকুট
এম এ ওয়াজেদ

মানুষ কী পচনশীল পণ্য? হতেও পারে
রাতগুলো গভীর থেকে গভীরতর হয়
নির্জনতার নৈঃশব্দ্যের নগরী ভুলে যায়
দুঃখবাদী চ্যাপ্টারের সমান্তরাল হিসেব নিকেশ
যে অভিমানী অসীম সাহা রাজকীয় ফরমান
পালনের স্থিরপ্রতিজ্ঞায় আত্মজ্ঞানবাদী মুখ ছিলো
আত্মহত্যার চিরকুটে সে লিখে রাখে বঞ্চনার প্রচ্ছদ

দ্বন্দ্বমুখর প্রবণতায় বেড়ে চলে জীবনের লেনদেন
পাকস্থলীর দাসত্ব পলাতকা শ্বাস প্রশ্বাস
ফেরারি শুভবোধের আত্মগোপন অথবা অমানবিকতা
নষ্টাচারের ধুলোবালিছাই ব্যালে নৃত্যের সুখবাদিতা
কেড়ে নিয়েছে সম্ভাবনার মানবিক উচ্ছলতা
সামাজিক বিন্যাসের কাঁধে ভর করে
আত্মবিকারের নির্লজ্জ দানবিক প্রোফাইল

দুখঅগ্নির শ্মশানে ভস্মীভূত অসীম সাহা
লিখে রাখা আত্মহত্যার চিরকুট
খুঁজতে থাকে রাষ্ট্রীয় প্রেমনগরের পুষ্প দরজা।

কল্পনাতেই মৃগয়া কল্পনা করেছি
হিলারী হিটলার আভী

কল্পনার মোহনায় শতবছর বসে বসে
কল্পনাতেই মৃগয়া কল্পনা করেছি!

কল্পনা তোমার জন্যে বাঁশপাতার খামে একটি স্বপ্ন পাঠালাম
তবে স্বপ্নটি শতভাগই দুঃস্বপ্ন!

যদি গ্রহণ করো ভালো কথা
আর যদি গ্রহণ না করো তবে ফেরত খামে পাঠিয়ে দিও!

আমি দুঃখিত কল্পনা
আজও ফেরত খাম পাঠাতে পারলাম না!
আর হ্যাঁ- কল্পনা মনে রেখো
পোষ্ট অফিসে ইদানিং আর বিয়ারিং খাম ব্যবহার হয় না...!

অনুরণন
লোধ্ররেণু

আমি দেখি আলোর গায়ে লেগে আছে অন্ধকারের ছায়া,
সময় ভেঙে পড়ে মেঝেতে,
একটি ঘড়ির কাঁটায় আটকে যায় শ্বাস।

বাতাসে ভাসে শব্দহীন কথা,
কোনো এক অজানা ভাষায়,
যেখানে 'আমি' শব্দের অর্থ হারিয়ে যায়
অনন্তের খাতায়।

আকাশে লাল নীল সবুজের মিশেল,
কিন্তু তা কি সত্যি, নাকি শুধুই চোখের প্রতারণা?
পৃথিবী ঘোরে, কিন্তু আমি দাঁড়িয়ে আছি,
স্থির, একা, অথচ সবকিছুর মাঝে।

ধুলোর কণায় লেখা আছে মহাকালের গল্প,
কিন্তু কে পড়বে? কে শুনবে?
আমি ছুঁই, কিন্তু ছোঁয়া কি শুধুই স্পর্শের খেলা?
না কি কিছুই নেই, শুধুই শূন্যতার নাচ?

আমি খুঁজি, কিন্তু খোঁজা কি হারানোরই নামান্তর?
পথের শেষে কি পথই আছে, নাকি শুধুই ফাঁকা আকাশ?
আমি হাঁটি, কিন্তু পা কি শুধুই সময়ের উপর দাগ কাটে?
না কি আমি নিজেই সময়, নিজেই পথ, নিজেই গন্তব্য?

একটি প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে
আমি হারিয়ে ফেলি প্রশ্নটাই,
শুধু রয়ে যায় একটি অনুরণন,
যা কখনো থামে না, কখনো শেষ হয় না।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ ফুল/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- ডিভোর্স নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- টাক্স ফাইল।
- বাংলাদেশে টাকা রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ি/ফ্লাটের বাণিজ্যিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- নেপালি ওভারহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

- নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য
- বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং লিটিগেশনের বিভিন্ন শাখার অভিজ্ঞতাসম্পন্ন এটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন স্থায়ী বসবাসের বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ দেয়ে থাকে এবং পাসপোর্টে গ্রীন কার্ড পাওয়ার মতো হয়ে থাকে।

আমেরিকা ১ মিলিয়ন ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে স্থায়ী আবাসিক হওয়ার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেয়ে থাকেন।

বিদেশের এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাথে পার্টনার করতে পারেন।

দেশে কোন প্রোপার্টীর মর্টগেজ/লিজিং হলে আপনি ও আপনার পরিবার ও ভিজিটর সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এপ্লাইলেসহ সর্বপ্রকার ক্রিমিনাল এবং সিভিল মোকদ্দমা, কোর্টকাচারী, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিলেশনশিপ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করপোরেশন, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিবিসম্বত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member: naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

আবশ্যক

দোভাষী আবশ্যকঃ ম্যাডিকেল অফিসে দোভাষী আবশ্যক। ৩৫ ডলার ঘন্টা দুই ঘন্টা মিনিমাম। বাংলা- ইংরেজী।
Ebt Associates. Text করুন ৯১৭ ৫৭৫ ৬১২৫

আবশ্যকঃ জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

লোক আবশ্যকঃ
Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

লোক আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন- ৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

আবশ্যকঃ
ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

আবশ্যকঃ
এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০
southeasternmgm@gmail.com

পাত্র-পাত্রী

পাত্রী চাই: ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-**CS**), বয়স: ২৭, উচ্চতা: ৫'৮", কমপ্লেক্সশন: উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।
যোগাযোগ:
abdurrahman.bd144@gmail.com (পাত্র নিজে)

পাত্র চাইঃ সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএসএ সুন্দরী, শিক্ষিত পাত্রীর জন্য শিক্ষিত পাত্র আবশ্যক। যাদের স্টুডেন্ট ভিসা আছে তাদের কে অগ্রাধিকার দেয়া হবে। কল করুন-৩৪৭-৪০০-৮৮০১.

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

রুমমেট

রুম ভাড়াঃ
জ্যাকসন হাইটস এলাকায় ৭ সাবওয়ের সন্নিকটে এলমহার্স্ট এভিনিউতে ফার্নিচারসহ দোতলায় ১টি রুম কর্মজীবী পুরুষের নিকট ১লা এপ্রিল হতে ভাড়া হবে। কিচেন, বাথ শেয়ারে। ফোনঃ ৩৪৭-৬২৬-৯০১৮.

রুম ভাড়াঃ
জ্যামাইকায় হিলসাইড এভিনিউ ও ১৬৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ে এবং সিটি ব্যাংকের নিকটে আলাদা একটি বড় রুম ভাড়া হবে অধূমপায়ী ব্যাচেলর এর নিকট এখনই। যোগাযোগঃ ৬৪৬-৩০২-৩২২০

রুম ভাড়া :
হিলসাইড ২৪১ স্ট্রিট ও ৮৭ এভিনিউ বেলরোজে সেমিবেসমেন্টে ১টি বেডরুম একজন ব্যাচেলারের কাছে ভাড়া দেয়া হবে। কিচেন, বাথরুম শেয়ার করতে হবে। বাসার নিকট কিউ-৪৩ বাস। যোগাযোগঃ ৭১৮-৯০৯- ৭৫৩৩, ৩৪৭-৬৬৪-৩৭৭৬.

রুম ভাড়াঃ
১লা এপ্রিল থেকে জ্যামাইকায় ১৭৩ স্ট্রীটে একজন অধূমপায়ী পুরুষ ব্যাচেলারের নিকট একটি রুম ভাড়া হবে। বাথরুম ও কিচেন শেয়ার। ভাড়া ৬৫০ ডলার। যোগাযোগঃ ৩৪৭-৩০৬- ৮৬৬৩.

রুম ভাড়াঃ
১লা মে থেকে কর্মজীবী মহিলাদের জন্য ৮৮-২১ ১৭০তম স্ট্রিট ১ম তলা, জ্যামাই-কার রুম ভাড়া। যোগাযোগ: ৯২৯-৬২৩-৮২৭৫, ৩৪৭-৫৯৩-৬৬১২

রুম ভাড়াঃ
৩৪-১০, ৮৪ স্ট্রীট, ৭ ট্রেন, কিউ-৩২/৩৩ বাস দুই ব্লকের মধ্যে এপার্টমেন্ট বিল্ডিংয়ের প্রথম তলায় একটি
বড় রুম, দুই জন কর্মজীবী মুসলিম বা স্বামী-স্ত্রীর নিকট এপ্রিল মাস থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৩৮-৭৬৬৬.

রুম ভাড়াঃ
ইস্টএলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউ এর মাঝে ৮১ স্ট্রিট এর উপরে এক তলায় ছেলেদের জন্য একটি রুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ : ৯১৭-৩০১-২০৬৩

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

রুম ভাড়া:
প্রাইম লোকেশনে ১লা মার্চ থেকে সম্পুর্ন নিরাপদ ও ভালো পরিবেশে ফ্যামিলির সাথে থাকার জন্য। ১জন স্টুডেন্ট অথবা কর্মজীবী বাঙালি নারীর জন্য এক রুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ:
105-10 217th Lane Queens village NY-11429 Subway E/F to Bus Q110 Q2 LIRR
Mobile. 646-934-3056

বাড়ি ভাড়াঃ
উডহ্যাভেনে দুই বেডরুমের একটি বড় বাসা সাবওয়ের কাছে ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯০৭-৪০০৮, ৯২৯-৩৯৩-১৪৬৪.

বাসা ভাড়াঃ
১৬৪-৪ th Street, Hicksvill, NY 11108, সুন্দর মনোরম পরিবেশে (ব্রান্ডনিউ) হার্ট অফ হিক্সবিল মিডিল স্কুল এবং হাই স্কুল সাথে, হিক্সভিল সাবওয়ের কাছে। তিন বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। ৬৪৬-৯৮৩-৫৭৪৯.

বাসা ভাড়াঃ
৮১-১৫, ১৩৮ স্ট্রীট, ব্রায়ারউড (কিউ গার্ডেন সাবওয়ের সন্নিকটে) দোতলা (৩ বেডরুম, ১.৫ বাথরুম, ১ বেলকনি)র জন্য ভাড়াটিয়া আবশ্যক। ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগঃ ৬৪৬-৮৮৬-৬৪০৮, ৬৪৬-৬৬৪-৬৮৮৯.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা,হিলসাইড এভিনিউ এবং ২০৮ স্ট্রীট এর সন্নিকটে ২য় তলা ২ বেডরুম, লিভিং, ডাইনিং, কিচেন, বাথরুমসহ বাসা ভাড়া হবে। বাসার নিকটে মসজিদ, স্কুল, বাস ইত্যাদি।
যোগাযোগঃ ৯২৯-৩০৯-৮৫৯৬.

বাসা ভাড়াঃ
ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ সংলগ্ন ২৫ এভিনিউ এবং ৯৮ স্ট্রীটে ২ বেডরুমের বাসা, ১ বেড রুমের বেসমেন্ট ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। নিউলি রিনোভেটেড।
ফোনঃ ৭১৬- ৬৩৮-৩০৪২.

বাসা ভাড়াঃ
২ বেডরুমের বাসা ভাড়া। জ্যামাইকা ইয়র্ক কলেজ সন্নিকটে ২ বেডরুমের ১টি ২য় তলা বাসা ১লা এপ্রিল থেকে ফ্যামিলির নিকট ভাড়া দেয়া হবে। ই ট্রেন এফ ট্রেন সাবওয়ে থেকে ১০ মিনিট দূরত্ব। ফোনঃ ৩৪৭-৪৮৪-৫২৮৩.

বাসা ভাড়াঃ
ওজনপার্ক লিবার্টি এভিনিউ এ ট্রেন বাইতুন নূর মসজিদের সংলগ্ন দ্বিতীয় তলা ৫টি রুম- দুটি বাথ, বড় কিচেন, ২টি চুলা, ২টি ফ্রিজ আছে। দুই পরিবার শেয়ার করতে পারবে। ৩৪৭-২৫৯-২৯৫৪/৩৪৭-২৫৫-৪৮৪৬

বাসা ভাড়াঃ
এলমহার্স্ট হাসপাতালের কাছে ছোট ফ্যামিলি বা দুইজন কর্মজীবী মহিলার কাছে বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ ৭১৮-৪৪৬-২৭৫০,
৩৪৭-৬৭১-৫০৯৪.

বাসা ভাড়াঃ
Basement for rent (1 to 2 people max), con-sists of 1 bedroom and 1 living room with newly ren-ovated kitchen, located near Sayres Avenue 111-36 177th Street Jamaica, NY 11433. Please call 917-326-1370.

banglapatrikausa@gmail.com
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

বাসা ভাড়াঃ
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693.
যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)।
যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

বাসা ভাড়াঃ
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য।
যোগাযোগঃ 929-261- 9941.

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ।
যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

House for rent: (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent. Please contact Mojib at (347) 234-8295.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.
ড্রাইভারঃ TLC **বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ ৬৪৬-৭০৪-৫৭৪৯.**

নিউইয়র্কে অনুষ্ঠিত হলো দু'দিনের 'বঙ্গবন্ধু আন্তর্জাতিক বইমেলা'

প্রথম পৃষ্ঠার পর

আলোচনা, আবৃত্তি, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি। এছাড়াও মেলায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম স্মরণে তার প্রতি সম্মান জানানো হয়েছে। উল্লেখ্য, ২৫ মে রোববার কবি ছিলো নজরুলের ১২৬তম জন্মজয়ন্তী।

জাতীয় পতাকা হাতে আর জাতীয় সঙ্গীত পরিবেশনের পর স্বাধীন বাংলাদেশের স্থপতি শেখ মুজিবুর রহমানের বিশাল প্রতিকৃতির সামনে প্রদীপ প্রজ্জলের মাধ্যমে মেলার উদ্বোধন করা হয়। এসময় অতিথিদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। এছাড়াও প্রবাসের মুক্তিযোদ্ধাগণ বঙ্গবন্ধুর ছবির সামনে দাঁড়িয়ে স্যালুট জানান। এসময় মেলার অন্যতম আকর্ষণ ছিলেন প্রবাসী লেখিকা তসলিমা নাসরীন। ডা. মাসুদুল হাসান, মেলার যুগ্ম আহ্বায়ক অভিনেত্রী লুৎফুন্নাহার লতা, এ্যানী ফেরদৌস, মিনহাজ আহমেদ সাম্মু, আব্দুল কাদের ও কবি ফকির ইলিয়াস, সদস্য সচিব স্বীকৃতি বড়ুয়া প্রমুখ উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন। তবে মেলায় লোক সমাগম ছিলো কম। আয়োজকরা জানান, শনিবার মেলা চলে বেলা ১১টা থেকে রাত ১১টা পর্যন্ত। রোববার মেলার কর্মকান্ড চলে সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত।

মেলার আহ্বায়ক আহ্বায়ক ড. নূরুন নবী জানান, 'বঙ্গবন্ধু আন্তর্জাতিক বইমেলা' মেলায় ১৮টি স্টল বসেছে। তিনি বলেন, বঙ্গবন্ধু আর বাংলাদেশের ইতিহাস বিকৃতির চেষ্টা চলছে তারই প্রতিবাদে বঙ্গবন্ধু'র ভক্তরা এই মেলার আয়োজন করেছেন। এই মেলার মধ্য দিয়ে মূলত: প্রবাসে বঙ্গবন্ধু আর বাংলাদেশকে তুলে ধরা হলো। স্বল্প সময়ে এই মেলা আয়োজন করতে হয় বলে অনেক ত্রুটি বিচ্যুতি থাকতে পারে। তবে আগামীতে ব্যাপক আয়োজনে, আরো বড় পরিসরে 'বঙ্গবন্ধু আন্তর্জাতিক বইমেলা'র আয়োজন করা হবে। এজন্য তিনি সবার সার্বিক সহযোগিতা কামনা করেন।
























Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপ্লু তালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ওজনপার্কে যাত্রা শুরু করলো হালাল সুপার মার্কেট 'ফুডিগো'






শেষ পৃষ্ঠায় পর মাংশ, তরিকরকারী ছাড়াও রয়েছে- পেস্ট্রি, বাবল টি, মানি রেমিট্যান্স, ফোন সহ সব ধরনের সার্ভিস। গত শুক্রবার নতুন আয়োজনে আধুনিক ডেকোরেশনে শুরু হয়েছে এই সুপারমার্কেট।

বাংলাদেশী উদ্যেক্তদের মধ্যে আছেন- মোহাম্মদ শিহাবুল ইসলাম সায়মন, কামাল হোসেন, মেরাজ পাটোয়ারী, জাহাঙ্গীর আলম, কাওসার, মানিক, আলম, নুরুল ইসলাম ও নুরুল আমীন।

ওজাপর্কের ব্রুকলীনে ইউক্লিড ও পিটকিন এভিনিউতে প্রায় ২০ হাজার বাংলাদেশীর বসবাস। এই এলাকায় এখন পর্যন্ত আধুনিক এবং বড় ধরনের কোন গ্রোসারী এবং নিত্য প্রয়োজনীয় সার্ভিস সুবিধা নেই। বিষয়টি উপলব্ধি করেই বাংলাদেশী উদ্যেক্তারা মিলে নতুন উদ্যোমে শুরু করেছেন নতুন ব্যবসায়িক প্রতিষ্ঠান। উদ্বোধন উপলক্ষ্যে মার্কেটটিতে চলছে বিশেষ সেল। এর সুবিধা নিতে উদ্যোক্তারা দলমত নির্বিশেষে সকল বাংলাদেশীকে তাদের সহযোগিতা ও আমন্ত্রণ জানিয়েছেন সংশ্লিস্টরা।





আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

জর্জিয়ায় বাংলাদেশি তরুণীর মৃত্যু

শেষ পৃষ্ঠায় পর জানিয়ে নাযাহ'র ফিউনারেল সম্পন্ন করেন তাঁর আমেরিকান স্বামী ডেভিড উ বেকওয়াই। নাযাহ'র মৃত্যু পর তার স্বামী ডেভিডের ভূমিকা নিয়ে নানা প্রশ্নের জন্ম দেয় নাযাহ'র পরিবারের কাছে।

এ ঘটনার দশদিন পর তার মরদেহ ফিউনারেল সম্পন্নের খবর নিশ্চিত হোন দেশে থাকা নাযাহ'র পরিবার। তবে তার মৃত্যুর কারণ এখনো রহস্যাবৃত্ত তাদের কাছে। জর্জিয়ার পাওডার স্ট্রীট স্প্রীং এলাকার একটি কবরস্থানে তার মরদেহ দাফন করা হয় বলে স্থানীয় সূত্র জানায়।

নাযাহ'র পিতা জাকিউর রহমানের অভিযোগ ৯ মে ডেভিড ফোন করে নাযাহ হাসপাতালে অসুস্থ অবস্থায় ভর্তি। পরে আবার ফোনে জানায় সে মারা গেছে। এরপর আর সে কোন তথ্য দিতে চায়নি একাধিকবার যোগাযোগের চেষ্টার পরও । এমনকি তার ফিউনারেল সম্পন্ন করা হলেও দেশে বাবা মাকে জানাননি ডেভিড। জর্জিয়ায় থাকা বাংলাদেশি পরিচিতজনদের সহযোগিতায় জানতে পারেন যে তাদের মেয়ের ফিউনারেল সম্পন্ন হয়ে গেছে।

জর্জিয়া বাংলাদেশি এসোসিয়েশনের সভাপতি মাহবুবর রহমান টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকাকে জানান, বাংলাদেশের ঢাকার মিরপুরের বাসিন্দা জাকিউর রহমানের মেয়ে নাযাহ ২০২৩ সালে আমেরিকার জর্জিয়ার আটলান্টার সাউদার্ন ইউটাহ ইউনিভার্সিটির শিক্ষার্থী হিসেবে এসেছিলেন।

মাহবুবর রহমান নাযাহ'র পিতার বরাত দিয়ে জানান, যুক্তরাষ্ট্রে আসার পর অনলাইন দাবা খেলার সুবাদে আমেরকিান ডেভিড উ বেকওয়াই নামে এ যুবকের পরিচয় হয় নাযাহ'র। পরবর্তীতেএ বছর ফেব্রুয়ারিতে ডেভিডকে বিয়ে করেন নাযাহ। এরপর দাতের মধ্যে কলহ হতো। গত ৮ মে ডেভিড দেশে নাযাহ'র বাবাকে ফোন করে জানায় অতিরিক্ত মদ্যপানে অসুস্থ হওয়া তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরে আবার জানায় সে মারা গেছে। এরপর থেকে ডেভিড নাযাহ'র পরিবারকে সঠিক কোন তথ্য ও তার মরদেহ দেশে ফেরত পাঠানোর জন্য সহযোগিতা করেনি। এখানে নাযাহ'র বাবার পরিচিত এক ব্যক্তি ডেভিডের সাথে যোগাযোগ করার চেষ্টা করলেও সে উল্টো তাকে উত্ত্যাক্ত করার অভিযোগ করে পুলিশের কাছে।

তিনি বাংলা পত্রিকাকে আরো জানান, আমরা বিষয়টি জেনে পুলিশের সাথে যোগাযোগ করেও মৃত্যুর সঠিক কারণ জানতে পারিনি। আদৌ কি তার লাশ মর্গে আছে নাকি কবর দেয়া হয়েছে সেটিও প্রথমে জানতে পারিনি। পরে হাসপাতালের একাধিক মাধ্যমে ও স্থানীয় প্রশাসনের মাধ্যমে নিশ্চিত হতে পারি যে ১১ মে তার মরদেহের ফিউনারেল সম্পন্ন করেছেন। তার বাবার ইচ্ছে ছিলো মেয়ের লাশ দেশে ফেরত নিতে।

রেমিট্যান্সে কর বসানোর

প্রথম পৃষ্ঠার পর বিদেশে পাঠানোয় দেশের অর্থনীতিতে চাপ তৈরি হচ্ছে। রেমিট্যান্সে কর বসিয়ে সেই অর্থ দেশের অভ্যন্তরে ধরে রাখাই বিলের মূল উদ্দেশ্য।

তবে বিশ্লেষকদের মতে, এই বিল পাস হলে বহু নন সিটিজেস অভিবাসীর ওপর অর্থনৈতিক চাপ বাড়বে। অভিবাসীদের পরিবারিক খরচ, অভিবাসন পরিকল্পনা এবং শিক্ষার খরচে প্রভাব পড়তে পারে। বিশেষ করে অভিবাসী বাংলাদেশিদের ওপর এর সরাসরি প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে।

বিলটির আওতায় শুধু রেমিট্যান্স নয়, নিম্নআয়ের মানুষের জন্য বরাদ্দকৃত চিকিৎসা সহায়তা ও খাদ্য কর্মসূচির বাজেটেও কাটছাঁটের প্রস্তাব করা হয়েছে। হাউস স্পিকার মাইক জনসন একে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক নীতিতে 'ঐতিহাসিক পরিবর্তন' বলে উল্লেখ করেছেন।

এদিকে বিলটি পাস হওয়ার পর থেকেই প্রবাসীদের মধ্যে দেখা দিয়েছে গভীর উদ্বেগ ও ক্ষোভ। অনেকে বলছেন, এই পদক্ষেপ অভিবাসীবান্ধব নীতির পরিপন্থী এবং তা অর্থনৈতিক বৈষম্য আরও বাড়িয়ে তুলবে।







আসেফ বারী গভর্ণর; শাহনেওয়াজ দ্বিতীয় ভাইস গভর্ণর নির্বাচিত







শেষ পৃষ্ঠায় পর

শাহ নেওয়াজ। প্রথম ভাইস গভর্নর নির্বাচিত হন লায়ন নেনা লোজাদা স্মিথ। নায়াগ্রা ফলস কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত নির্বাচন শেষে এ ফলাফল ঘোষণা করা হয়। উল্লেখ্য, গত ১৬ মে শুক্রবার নায়েগ্রা ফলসের কনভেনশন সেন্টারে ৩ দিনব্যাপী লায়ন্সদের সম্মেলন অনুষ্ঠিত হয়।

বিজয়ী আসেফ বারী টুটুল ও শাহ নেওয়াজের নাম ঘোষণা করা হলে উপস্থিত বাংলাদেশী লায়ন্সরা করতালি দিয়ে তাকে অভিনন্দন জানান। আসেফ বারী টুটুলের স্ত্রী মুনমুন হাসিনা বারী ও শাহ নেওয়াজের সহধর্মিনী রানো নেওয়াজ মঞ্চে গিয়ে তাদের অভিনন্দন জানান। পরবর্তীতে একে একে প্রবাসী বাংলাদেশী লায়ন্স ক্লাব সদস্যরা উভয়কে ফুল দিয়ে অভিনন্দন জানান।

সম্মেলনে নিউইয়র্কের লায়ন ডিস্ট্রিক্ট ২০ আর২'-এর ৪৮টি ক্লাব এতে অংশ নেয়। এতে নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের প্রায় ৪০ জন সদস্য অংশ নেন। নিউইয়র্ক ডিস্ট্রিক্ট লায়নদের কনভেনশনকে কেন্দ্র করে বাংলাদেশী আমেরিকান লায়নদের ব্যাপক উপস্থিতিতে সম্মেলন স্থল উৎসবমুখর হয়ে উঠে। পাশাপাশি নায়াগ্রা ফলস্থ শেরাটন হোটেল বাংলাদেশীদের পদভারে ছিল মুখরিত হয়। শেরাটন হোটেল ও কনভেনশন সেন্টারজুড়ে আসেফ বারী টুটুল ও শাহনেওয়াজের বড় বড় নির্বাচনী পোস্টার ও বিশাল আকৃতির ছবি শোভা পায়।

লায়ন আসেফ বারী টুটুল, পিএমজেএফ দীর্ঘদিনের লায়ন সদস্য, যিনি তাঁর দৃঢ় নেতৃত্ব, সাংগঠনিক দক্ষতা এবং মানুষের পাশে থাকার অঙ্গীকারের জন্য বিশেষভাবে পরিচিত। তিনি বিভিন্ন সময় লায়ন্স ক্লাবের বিভিন্ন কার্যক্রমে বিশেষ কওে ফুড ড্রাইভ, ব্লাড ডোনেশন ক্যাম্প, স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি, এবং তরুণ সমাজকে নেতৃত্বে উদ্বুদ্ধ করার প্রকল্প বাস্তবায়নে নেতৃত্ব দিয়েছেন।

এছাড়াও লায়ন নেনা লোজাদা স্মিথ, পিএমজেএফ-প্রথম ভাইস গভর্নর হিসেবে তাঁর নির্বাচন একটি গুরুত্বপূর্ণ সামাজিক বার্তা বহন করে। নারী নেতৃত্বকে সামনে এনে লায়ন্স ক্লাব আরও বৈচিত্রপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক প্ল্যাটফর্ম হয়ে উঠছে। তিনি নিউইয়র্কের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সংযোগ স্থাপনের পাশাপাশি নারী ও শিশু উন্নয়নমূলক কার্যক্রমে উল্লেখযোগ্য অবদান রেখেছেন।

অপরদিকে লায়ন শাহনেওয়াজ, পিএমজেএফ- দ্বিতীয় ভাইস গভর্নর হিসেবে তাঁর যাত্রা প্রমাণ করে যে তরুণ নেতৃত্বও লায়ন্স ক্লাবে গভীর প্রভাব ফেলতে সক্ষম। তাঁর কার্যকরী দৃষ্টিভঙ্গি, আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং জনসম্পৃক্ততার কৌশল ইতোমধ্যেই আলোচনায় এসেছে। তিনি বিশেষ করে পরিবেশ সচেতনতা এবং যুব সমাজকে সমাজসেবায় সম্পৃক্ত করতে কাজ করে চলেছেন।

এদিকে আগামী ২৭ মে নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনকে কেন্দ্র করে নায়াগ্রা ফলসেই নির্বাচনী প্রচারণা জমে উঠেছে। ডিস্ট্রিক্ট সম্মেলনে এসে প্রার্থীরা ভোট যুদ্ধে নেমে পড়েছেন। নির্বাচনে সভাপতি পদে লড়ছেন জেএফএম রাসেল ও এসএম আলম। সাধারণ সম্পাদক পদে প্রার্থী রয়েছেন মশিউর মজুমদার ও আহমেদ সোহেল।

অপরদিকে ভোটাররা বলছেন, 'এবারের নির্বাচনে হাড্ডাহাড্ডি লড়াই হবে। ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট পদে প্রার্থী হয়েছেন এমএ রশীদ ও হাসান জিলানী। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হচ্ছেন এটর্নি মঈন চৌধুরী। কমিশনের সদস্যরা হলেন মতিউর রহমান, আমেনা নেওয়াজ, আব্দুর রহিম হাওলাদার ও রেজা রশীদ।



নিউইয়র্ক স্টেট বিএনপির নেতৃবৃন্দের সাক্ষাৎ

শেষ পৃষ্ঠায় পর

বিষয়ক উপদেষ্টা কমিটির অন্যতম সদস্য গোলাম ফারুক শাহীন সহ প্রতিনিধি দলে আরও ছিলেন নিউইয়র্ক স্টেট বিএনপি'র সাধারণ সম্পাদক সাইদুর রহমান সাঈদ, সিনিয়র সহ-সভাপতি জসিম উদ্দিন, সাবেক যুগ্ম আহবায়ক হুমায়ুন কবীর, সাবেক যুগ্ম আহ্বায়ক দেওয়ান কাউসার, বিএনপির সিনিয়র নেতা ও সাংবাদিক আনিসুর রহমান, এ আর মাহবুবুল হক এবং শাহজাহান লিটন উপস্থিত ছিলেন।

মতবিনিময়ের সময় নবনিযুক্ত কনসাল জেনারেল মোজাম্মেল হক বলেন, প্রবাসীদের স্বার্থ সংশ্লিষ্ট সকল কার্যক্রমে বাংলাদেশ কনস্যুলেট যথাযথ সেবা প্রদান নিশ্চিত করবে এবং যত দ্রুত তাদের কাজগুলো সম্পন্ন করবে। তিনি আরো বলেন কনস্যুলেট সকল প্রবাসীদের জন্য এটি কোন গোষ্ঠী বা ব্যক্তির প্রতিষ্ঠান নয়। তিনি দলমত নির্বিশেষে সকল



প্রবাসীদের সার্বিক সহযোগিতায় কামনা করেছেন।

এসময় গোলাম ফারুক শাহীন কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হককে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান। -প্রেস বিজ্ঞপ্তি।

এগিয়ে কুওমো-জোহরান: অবস্থান ফিরে পেতে মরিয়া এরিক

শেষ পৃষ্ঠায় পর

থাকায় নিজের আগের অবস্থান ফিরে পেতে নানা কৌশল ও দৌড়ঝাঁপ শুরু করেছেন এরিক অ্যাডামস।

গত ১৮ মে রোববার এক প্রতিবেদনে পলিটিকো জানায়, দুর্নীতি ও কোভিডকালে নার্সিং হোম সংকটসহ নানা অভিযোগ থাকা সত্ত্বেও সাম্প্রতিক জরিপে কুওমো এগিয়ে রয়েছেন। এছাড়াও কুওমোর প্রচারণা দল প্রচুর তহবিল সংগ্রহ করেছে, যা তাকে বাড়তি সুবিধা দিচ্ছে। প্রতিবেদনে আরও বলা হয়েছে আগামী ২৪ জুনের প্রাইমারিতে প্রতিদ্বন্দ্বীরা এখন কৌশল বদলে তার জনপ্রিয়তা ভাঙতে চেষ্টা করছেন।

এদিকে সিটি মেয়র এরিক অ্যাডামস পুনর্নির্বাচনের লক্ষ্যে অর্থ সংগ্রহে গতি বাড়িয়েছেন। গত মার্চ থেকে চলতি মে মাসের মধ্যে তিনি ১ লাখ ৫৫ হাজার ডলার সংগ্রহ করেছেন। যার ফলে তার মোট প্রচার তহবিল দাঁড়িয়েছে ৪.৫ মিলিয়ন ডলারে। গত ১৭ মে শনিবার এক প্রতিবেদনে নিউইয়র্ক পোষ্ট জানায়, দুর্নীতির অভিযোগের তদন্ত চলায় মেয়র এরিক এখনো পাবলিক ফান্ডের ৪ মিলিয়ন ডলার পাননি। অপরদিকে, ডেমোক্রেট প্রাইমারিতে অংশ না নিয়ে তিনি দুটি নতুন রাজনৈতিক দল গঠন করে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। নির্বাচনে নাম উঠাতে তাকে এখন ৩,৭৫০টি স্বাক্ষর জমা দিতে হবে।

জানা গেছে, বর্তমান মেয়র এরিক অ্যাডামস এখনো পর্যন্ত বড় কোনো আনুষ্ঠানিক সমর্থন পাননি। বরং শহরের অপরাধ পরিস্থিতি ও আবাসন সমস্যা নিয়ে সমালোচনার মুখে তিনি পড়েছেন। যদিও তিনি পুলিশের সাথে তার সম্পর্ক এবং অর্থনৈতিক উন্নয়নের অঙ্গীকার তুলে ধরে প্রচারণা চালাচ্ছেন। তবুও তার পুনর্নির্বাচন কঠিন চ্যালেঞ্জের মুখে পড়েছে বলে পর্যবেক্ষকরা মনে করছেন।

অপরদিকে নিউইয়র্কের সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমো এবার মেয়র নির্বাচন ঘিরে ইতিমধ্যে বিশাল সমর্থন সংগ্রহ করেছেন। ৩২ বিজে এসইআইইউ (হোটেল ও পরিষেবা শ্রমিক ইউনিয়ন) এবং ১১৯৯ এসইআইইউ (স্বাস্থ্যসেবা কর্মীদের বৃহত্তম ইউনিয়ন) সহ গুরুত্বপূর্ণ শ্রমিক সংগঠনগুলোর সমর্থন তার ঝুলিতে এসেছে। এছাড়া সাবেক ও বর্তমান কিছু নির্বাচিত কর্মকর্তারাও তার প্রতি সমর্থন জানিয়েছেন। বিশেষজ্ঞরা বলছেন, নিউইয়র্ক সিটির ভোটব্যাংকে শ্রমিক ইউনিয়েনের বিশাল প্রভাব থাকায় এটি কুমোর জন্য বড় সুবিধা হয়ে দাঁড়াতে পারে।

অপরদিকে নিউইয়র্ক সিটির নির্বাচনে জোহরান মামদানি ব্যাপক সমর্থন পেয়েছেন। নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে ব্রুকলীন বরো প্রেসিডেন্ট আন্তোনিও রেনোসো, রাজ্য সিনেটর জাবারি ব্রিসপোর্ট, ক্রিস্টেন গঞ্জালেজ ও জুলিয়া সালাজার তার প্রার্থিতাকে সমর্থন জানিয়েছেন। এছাড়া, সিটি কাউন্সিল সদস্য জেনিফার গুটিয়েরেজ এবং স্যান্ডি নার্সও তাকে সমর্থন করেছেন। শ্রমিক সংগঠনগুলোর মধ্যে জেলা পরিষদ ৩৭, ইউনাইটেড অটো ওয়ার্কার্স রিজিওন ৯এ এবং পেশাদার স্টাফ কংগ্রেস মামদানির পক্ষে দাঁড়িয়েছে। প্রগতিশীল সংগঠনগুলির মধ্যে নিউইয়র্ক সিটি ডেমোক্র্যাটিক সোশ্যালিস্টস অফ আমেরিকা, নিউইয়র্ক ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির সমর্থনে এসেছে তার।

মামদানির সমর্থকরা বলছেন. নিউইয়র্কের খেটে খাওয়া এবং শ্রমজীবী মানুষের অধিকার রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। তার নির্বাচনী পরিকল্পনাগুলোর মধ্যে বাসে চলাচল ফ্রি করা, রেন্ট স্ট্যাবিলাইজড ইউনিটের রেন্ট ফ্রিজ করা এবং চাইল্ড কেয়ার ফ্রি করা অন্যতম।

এছাড়াও বর্তমান সিটি কাউন্সিল স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামসও শক্ত সমর্থন পেয়েছেন। নিউইয়র্ক রাজ্যের অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস তার প্রার্থিতাকে সমর্থন দিয়েছেন। যা তাকে আফ্রিকান-আমেরিকান সম্প্রদায় এবং প্রগতিশীল ডেমোক্রেটদের মধ্যে বিশেষ সুবিধাজনক অবস্থানে এনেছে। এছাড়া নিউইয়র্ক ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টি এবং বেশ কয়েকটি স্থানীয় কমিউনিটি সংগঠনও অ্যাড্রিয়েন অ্যাডামসের পক্ষে অবস্থান নিয়েছে।

অপরদিকে নিউইয়র্ক রাজ্যের সিনেটর জেলনর মাইরি এবং জেসিকা রামোস নতুন প্রজন্মের প্রগতিশীল ভোটারদের মন জয় করছেন। তারা স্থানীয় পর্যায়ে গ্রাসরুটস সংগঠন এবং শ্রমিক ইউনিয়নগুলোর মধ্য থেকে ছোট কিন্তু কার্যকরী সমর্থন পাচ্ছেন। বিশেষ করে হাউজিং, জলবায়ু পরিবর্তন এবং অপরাধ দমনের মতো ইস্যুতে তাদের স্পষ্ট অবস্থান তরুণদের মধ্যে জনপ্রিয়তা তৈরি করছে।

সাবেক সিটি কম্পট্রোলার স্কট স্ট্রিংগার এবং বর্তমান কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার ডেমোক্রেটিক ক্লাব এবং প্রথাগত দলীয় সংগঠনগুলোর সমর্থন আদায়ে মনোযোগী। স্ট্রিংগার ইতিমধ্যে কিছু ঐতিহ্যবাহী ম্যানহাটন ডেমোক্রেটিক ক্লাবের সমর্থন পেয়েছেন। যেখানে ল্যান্ডার ব্রুকলীন এবং কুইন্সে তার নেটওয়ার্ককে কাজে লাগাচ্ছেন।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, সমর্থনের এই প্রাথমিক চিত্র কেবলই নির্বাচনের দিকনির্দেশনা। সমর্থনের এই চিত্র নির্বাচনের গতিপ্রকৃতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন। বিশ্লেষকরা চূড়ান্ত ফলাফল নির্ভর করবে জনগণের সঙ্গে প্রার্থীদের সরাসরি সংযোগ, ইস্যু ভিত্তিক প্রচারণা এবং মাঠ পর্যায়ের সংগঠনের দক্ষতার ওপর। বিশেষ করে মাইগ্র্যান্ট, শ্রমজীবী এবং তরুণ ভোটারদের ভূমিকা এবারের নির্বাচনে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে।

বাস্তবধর্মী চলচ্চিত্র 'এলাইজা'

শেষ পৃষ্ঠায় পর

সম্প্রতি ১৭তম কিউনি ফিল্ম ফেস্টিভ্যালে শ্রেষ্ট স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের পুরস্কার জিতেছে। পুরস্কারটি নিউইয়র্ক এলজিবিটিকিউ কনসোর্টিয়াম ও সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের পৃষ্ঠপোষকতায় ফেস্টিভ্যালের মূল পুরস্কারের অংশ হিসেবে প্রদান করা হয়। 'এলাইজা' এ বছরের জানুয়ারীতে চলচ্চিত্র উৎসবে মুক্তি পায়। এরই মধ্যে এ ছবিটি একাধিক পুরস্কার জিতেছে। এটি ২৫তম কোনি আইল্যান্ড ফিল্ম ফেস্টিভ্যালে শ্রেষ্ট স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, ম্যাসাচুসেটস ইন্ডিপেন্ডেন্ট চলচ্চিত্র উৎসবে আউটস্ট্যান্ডিং এচিভম্যান্ট, এবং দর্শকভোটে সেরা স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের পুরস্কার জিতেছে ফিনিঙ ফিল্ম ফেস্টিভ্যালে।

এশিয়ান আমেরিকান হেরিটেজ মান্থ এর অংশ হিসেবে এই স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটি এই মে মাসে আমেরিকা ও কানাডার স্বনামধন্য বেশ কয়েকটি এশিয়ান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত হচ্ছে।

চলচ্চিত্রটি নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশী এক অভিবাসী ও তার পরিবারের গল্পকে কেন্দ্র করে নির্মিত হয়। হায়দার নামের এক প্রবাসী যে হলুদ টেক্সি ক্যাবের মেডালিয়ন বিপর্যয়ের কবলে পরে নিঃস্ব হয়। সে উপলব্ধি করে এই আমেরিকান ড্রিমের পেছনে ছুটতে গিয়ে বরং পুঁজিবাদী সিস্টেমে তাকে প্রতারিত করে। এহেন



ছবি: বাংলা মুভি এলাইজা

সংকটের সময় সে নিজের পরিবারেই এমন এক কঠোর পরীক্ষার সম্মুখীন হয় যা সে জীবনে কখনো চিন্তাও করে নি। তার একমাত্র মেয়ে ট্রান্সজেন্ডার হিসেবে বেরিয়ে আসে। হায়দারকে বাধ্য হয়ে তার নিজের সন্তানের প্রতি ভালোবাসার এক চরম পরীক্ষায় অবতীর্ণ হতে হয়।

ইলাইজা চলচ্চিত্র দুই বাংলার স্বনামধন্য অভিনেতাদের স্থান দিয়েছে। তাছাড়া পশ্চিমা অভিনেতাদেরও সুযোগ দিয়েছে। স্বনামধন্য নাট্য ব্যক্তিত্ব এজাজ আলম ও মিথিলা গাজী এবং পশ্চিমবঙ্গের দেবজানী ব্যানার্জি মূল চরিত্রে অভিনয় করেন। এছাড়া অন্যান্য চরিত্রে অভিনয় করেন নিউইয়র্কের থিয়েটার অভিনেতা টিটো গাজী, সামাদ আলমগীর, মীর আজম ও বিশিষ্ট শিল্পী শারমিন আখতার। চলচ্চিত্রটি বাংলা ও ইংরেজিতে নির্মিত।

শাহ নেওয়াজকে টাইম

শেষ পৃষ্ঠায় পর

সোসাইটির ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান এবং লায়ন্স ক্লাবের ডিষ্ট্রিক্ট ২০-আর-টু এর সেকেন্ড ভাইস ডিষ্ট্রিক্ট গভর্ণর (২০২৫-২০২৬) নির্বাচিত হওয়ায় টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়েছে।

টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র পক্ষ থেকে মিডিয়া দুটির সিইও/সম্পাদক আবু তাহের এবং টাইম টিভির পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু জ্যাকসন হাইটসস্থ লায়ন শাহ নেওয়াজের অফিসে তার সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং তার সাফল্যের জন্য অভিনন্দন জানান। এসময় তারা কমিউনিটির স্বার্থে স্ব স্ব অবস্থান থেকে আরো অবদান রাখার উপর গুরুত্বারোপ করেন।

ব্রকলিনে 'মান্নান হালাল সুপার মার্কেট' এর যাত্রা শুরু

শেষ পৃষ্ঠায় পর নতুন গ্রোসারীর শপের যাত্রা শুরু করলো ।

গত ২৩মে (শুক্রবার) দুপুরে ব্রকলিনের কনি আইল্যান্ড এভিনিউর "মান্নান হালাল সুপার মার্কেটে"র গ্র্যান্ড ওপেনিং সম্পন্ন হয়। উদ্বোধনের সময় মোনাজাত পরিচালনা করেন মাওলানা রুহুলা। এই সময় প্রতিষ্ঠানটির পরিচালকবৃন্দ এবং তাদের পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনসহ বিভিন্ন মিডিয়া ব্যক্তিত্ব এবং প্রচুর সংখ্যক ক্রেতারা উপস্থিত ছিলেন।



একরাশ উচ্ছাস নিয়ে সন্ধ্যায় রাগবী রোডের বাসিন্দা আয়েশা আক্তার সুমি সদ্য উদ্বোধন হওয়া কনি আইল্যান্ড এভিনিউর "মান্নান হালাল সুপার মার্কেটে" যান। সেখানে গিয়ে এসেই তার মনে হল বিশাল সুপার মার্কেটের নান্দনিক মনোরম সাজসজ্জা ছিল চোখে পড়ার মত। মাংস, মাছ, শাকসবজি সহ গ্রোসারী আইটেমগুলোর দৃশ্যমান উপস্থিত ক্রেতাদের বেশি আকৃষ্ট করছে। সর্বোপরি বাঙালি ক্রেতারা খুশি তাদের পছন্দের নিত্য প্রয়োজনীয় আইটেমগুলি স্তরে স্তরে সাজানো রয়েছে। সুপারশপে ঢুকতেই ক্রেতাদের মধ্যে উৎসবের আমেজ বইছে দেশি-বিদেশী হালাল পণ্যসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সমাহার দেখে।

জানা গেছে, আমেরিকার নিউইয়র্কের বাঙালীদের আস্থা ও বহুল কাঙ্ক্ষিত "মান্নান হালাল সুপার মার্কেট" নামক প্রতিষ্ঠানটি প্রায় ত্রিশ বছর আগে নিউইয়র্কের জ্যাকসন হাইটসে সৈয়দ রহমান মান্নান প্রতিষ্ঠা করেন। পরবর্তীতে তিন বন্ধু মিলে এই প্রতিষ্ঠানটিকে নিয়ে গেলেন অনন্য উচ্চতায়। আজ সেই প্রতিষ্ঠান থেকে চারটি চেইনস্টোর, ফুড ফেয়ার, রেস্টুরেন্ট মিলে ১০টি প্রতিষ্ঠানের বিশাল গ্রুপ পরিণত হয়ে উঠেছে। প্রতিষ্ঠানটির চেইনস্টোর গুলোর মধ্য রয়েছে "মান্নান হালাল সুপার মার্কেট" জ্যাকসন হাইটস,"মান্নান হালাল সুপার মার্কেট" ওজোন পার্ক,"মান্নান হালাল সুপার মার্কেট"জ্যামাইকা এবং "মান্নান হালাল সুপার মার্কেট"ব্রকলিন শাখা। এছাড়া আব্দুল্লাহ সুপার মার্কেট, ফুড ফেয়ার এবং জ্যাকসন হাইটস, জ্যামাইকা ও ব্রঙ্কসে মান্নান বেকারির শাখা সমুহ সহ মোট ১০টি প্রতিষ্ঠান নিয়ে মান্নান গ্রুপ এগিয়ে চলছে। ব্রকলিনের কনি আইল্যান্ড এভিনিউর "মান্নান হালাল সুপার মার্কেটে"র গ্র্যান্ড ওপেনিং এর সময় প্রতিষ্ঠানটির সিইও মোহাম্মদ আকরাম হোসেন এসব কথা বলেন।

উদ্বোধন হওয়া "মান্নান হালাল সুপার মার্কেটে"র আউটলেটটি প্রায় সাড়ে ১০ হাজার স্কয়ারফিট আয়তনের বিশাল এলাকা নিয়ে গড়ে উঠেছে। পাশেই তাদের নিজস্ব আলাদা বিশটি কার পার্কিং রয়েছে। মাছ, মাংস, গ্রোসারি ও ভেজিটেবল সহ বাঙালীদের বিভিন্ন পছন্দের সবকিছু রাখার চেষ্টা করা হয়েছে উল্লেখ করে প্রতিষ্ঠানটির সিইও জানায়, মান্নান হালাল সুপার মার্কেট প্রতিষ্ঠানটি আমেরিকার শরিয়াহ বোর্ডের একটি পরিষেবা এইচএমএস দ্বারা সার্টিফাইড করা। তাদের মাংস শতভাগ হালাল পদ্ধতিতে জবাই করা হয়। অন্যান্য সুপার সুপারশপের তুলনায় মান্নান হালাল সুপার মার্কেট গুলোর পণ্যের মান ভালো এবং দামও তুলনামূলক কম থাকে বলে বাংলাদেশ, ভারত, পাকিস্তান সহ এশিয়া এবং মুসলিম ও আমেরিকারান ক্রেতারা আমাদের সুপারশপ গুলোকে পছন্দের তালিকায় রেখেছেন।

মান্নান গ্রুপের বিভিন্ন প্রতিষ্ঠানগুলো শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার কথা উল্লেখ করে আকরাম সাহেব বলেন, আমরা সব সময় ভালো আমদানিকারকদের কাছ থেকে সর্বোচ্চ মানের ভালো পণ্য নিয়ে থাকি। তাই ক্রেতারা সবসময় আমাদের উপর আস্থা রাখে।

বেশ কিছু বেকারি পণ্যের উৎপাদন সহ 'রামিশা ব্রান্ড', 'মান্নান ব্রান্ড', 'রাজকুমারী ব্রান্ড' ও 'আলিশা ব্রান্ডে'র চাল বাজারজাত করার কথা উল্লেখ করে মিস্টার হোসেন বলেন, অপাতত নিউইয়র্কের মধ্যে আমাদের ব্যবসা সীমাবদ্ধ রয়েছে তবে ভবিষ্যতে এর পরিধি বাড়ানো সহ নানান পরিকল্পনা রয়েছে বলে তিনি জানান।

তিন সন্তানের জনক ও বাংলাদেশের শরীয়তপুর থেকে নব্বই দশকে আসা সৈয়দ রহমান মান্নান ওরফে মান্নান সাহেব এই "মান্নান হালাল সুপার মার্কেটের প্রতিষ্ঠা করেন। ১৯৯৬ সালে জ্যাকসন হাইটসের ৭৩স্ট্রিটে এই প্রতিষ্ঠানটির যাত্রা শুরু হয়। এর এক থেকে দেড় বছরে পর বরিশালের বাবুল সাহেব ও বিক্রমপুরের স্বপন সাহেব, এই ব্যবসার সাথে যুক্ত হয়ে পার্টনারশিপের মাধ্যমে মন্নান গ্রুপ গড়ে তোলেন। তাজা হালাল মাংস, হিমায়িত মাছ এবং বিভিন্ন ধরণের মুদি পণ্য বিক্রির মাধ্যমে "মান্নান হালাল সুপার মার্কেট" ব্যাপক পরিচিতি ও সুনাম অর্জন করে। প্রতিষ্ঠাতাদের ত্যাগ ও অকান্ত পরিশ্রমে 'মান্নান হালাল সুপার মার্কেট' এখন একটি স্বনামধন্য ব্র্যান্ড হিসেবে নিউইয়র্কে গড়ে ওঠেছে।

তবে ২০১৭ সালের ১৪ মার্চ ক্যান্সারে আক্রান্ত হয়ে মান্নান সাহেব এবং ২০২০ সালে ১৫ জুন বাবুল সাহেব অকালে মৃত্যুবরণ করেন। বর্তমানে বার্ধক্যে অবস্থান করা স্বপন সাহেব, সবার মুরুব্বী হিসাবে নেতৃত্বে দিয়ে তিন পরিবারারকে এক করে এগিয়ে নিয়ে যাচ্ছেন উল্লেখ করে আকরাম সাহেব বলেন, আমাদের উত্তরসূরী অনেক ত্যাগের বিনিময়ে যেসব প্রতিষ্ঠানগুলো গড়ে তুলেছেন আমরা পরবর্তী প্রজন্ম সেই সুনাম ধরে রেখে সামনের দিকে এগিয়ে যাওয়ার চ্যালেঞ্জ গ্রহণ করেছি। তা ছাড়া মান্নান গ্রুপের বিভিন্ন প্রতিষ্ঠানে ২৫০জন প্রবাসী বাংলাদেশদের কর্মসংস্থান রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

বরিশালের ছেলে মোহাম্মদ আকরাম হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতে অনার্স-মাস্টার্স শেষ করেন। পরে যমুনা ব্যাংকে এর্ক্তিকিউটিভ অফিসার পদে সাড়ে পাঁচ বছর কর্মরত থেকে আমেরিকায় পাড়ি জমান। এরপর মন্নান গ্রুপের প্রতিষ্ঠাতার একজন বাবুল সাহেবের মেয়ে মিলা ইসলাম বাঁধনের সাথে বৈবাহিক সম্বন্ধে আবদ্ধ হন। ধীরে ধীরে পারিবারিক ব্যবসার সাথে যুক্ত হয়ে তিনি এখন মন্নান গ্রুপের অপরিহার্য একজনে পরিণত হয়ে উঠেছেন। এই প্রসঙ্গে মোহাম্মদ হোসেন বলেন, আমি পারিবারিক প্রতিষ্ঠান গুলোতে নিজেকে সিইও হিসাবে নয়, একজন সাধারন কর্মী হিসেবে পরিচয় দিতে সাচ্ছন্দ্যবোধ করি।

তবে উদ্বোধনকৃত ব্রকলিনের কনি আইল্যান্ড এভিনিউর "মান্নান হালাল সুপার মার্কেটে"র আউট লেটটি শুরু থেকে এ পর্যন্ত সব আয়োজনের খুঁটিনাটি সবকিছু নিজের হাতেই গড়ে তুলেছেন মোহাম্মদ আকরাম হোসেন। উদ্বোধন হওয়ার পর থেকে প্রতিষ্ঠানটি সাফল্যের সাথে এগিয়ে নিয়ে যাওয়া এখন সব চেয়ে বড় চ্যালেঞ্জ বলে তিনি মনে করেন। "সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট" বিষয়ে কৃতিত্বের সাথে অনার্স-মাস্টার্স সম্পন্ন করা তারই সহধর্মিনী মিলা ইসলাম বাঁধন সংসার আগলে রাখায় তিনি স্ত্রী'র প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।





জ্যামাইকা থিয়েটার ইনক'র সাধারণ সভা

শেষ পৃষ্ঠায় পর এক সাধারণ সভা। সভায় ২০২৩-২০২৪ মেয়াদের কমিটি বিলুপ্ত ঘোষণা করে ২০২৫-২০২৬ সালের জন্য নতুন নেতৃত্ব নির্বাচন করা হয়।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি শেখ হায়দার আলী সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী কমিটি বিলুপ্ত ঘোষণা করেন। এরপর গঠন করা হয় নির্বাচন কমিশন। প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণ করেন জ্যামাইকা থিয়েটার ইনক-এর প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম। কমিশনের অন্যান্য সদস্যরা হলেন- আজহারুল হক মিলন (ট্রাষ্টি, বাংলাদেশ সোসাইটি), আহসান হাবীব (ট্রাষ্টি, বাংলাদেশ সোসাইটি), ফখরুল ইসলাম দেলোয়ার (ট্রাষ্টি, বাংলাদেশ সোসাইটি ও সভাপতি জ্যামাইকা বাংলাদেশ সোসাইটি), সৈয়দ রাব্বি (সাধারণ সম্পাদক, জেবিএ), ইকবাল হোসেন (প্রধান পৃষ্ঠপোষক, জ্যামাইকা থিয়েটার ইনক ও সভাপতি, সাউথ জ্যামাইকা)

প্রধান নির্বাচন কমিশনার সভায় উপস্থিত সদস্যদের কাছ থেকে সভাপতি পদে প্রার্থিতার জন্য নাম আহবান করলে তিনজন প্রার্থীর নাম উঠে আসে। এডভোকেট কামরুজ্জামান বাবু, গোবিন্দ দাস ও আখতার বাবুল। অন্যদিকে, সাধারণ সম্পাদক পদের



জন্য একমাত্র প্রার্থী ছিলেন নাজিয়া জাহান। প্রতিদ্বন্দ্বী না থাকায় তিনিই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। সভায় সভাপতিত্ব করেন সাবেক সভাপতি শেখ হায়দার আলী। সভা পরিচালনা করেন সাবেক সাধারণ সম্পাদক গোবিন্দ দাস। সভার শেষাংশে সভাপতির সমাপনী বক্তব্যের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে সাধারণ সভার কার্যক্রম শেষ হয় এবং সাধারণ সম্পাদক পদে বিনা প্রতিদ্বন্দ্বীতায় নাজিয়াকে নির্বাচিত ঘোষণা করেন।

সভায় প্রধান নির্বাচন কমিশনার তিনজন সভাপতি প্রার্থীকে নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমে একটা সিদ্ধান্ত এর মধ্যে আসতে আহবান করেন। তা না হলে হাউজের গুপন ভোটের মাধ্যমে একজন নির্বাচিত করা হবে, জানিয়ে দেন। তারপর তিনজন প্রার্থী আলোচনার মাধ্যমে আখতার বাবুলকে সভাপতি হিসেবে মনোনীত করেন। এবং প্রধান নির্বাচন কমিশনারকে জানিয়ে দেন। প্রধান নির্বাচন কমিশনার আখতার বাবুলকে সভাপতি হিসাবে ২০২৫-২০২৬ ইং এর জন্য আনুষ্ঠানিকভাবে নির্বাচিত এবং সিনিয়র সহ সভাপতি হিসাবে আনোয়ার হোসেনকে ঘোষণা করেন। কোষাধ্যক্ষ পদে ফারুক হোসেন, সহ-সভাপতি পদে তাসকিনুল হক ও কামরুল ইসলাম জয়-কে নাট্যপরিচালক নির্বাচিত ঘোষণা করেন।

সাধারণ সভায় সংগঠনের প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি শেখ হায়দার আলী, সৈয়দ আল আমীন রাসেল (পৃষ্ঠপোষক), সুলতান বুখারী (উপদেষ্টা), এডভোকেট কামরুজ্জামান বাবু (সাবেক সাধারণ সম্পাদক), গোবিন্দ দাস (সাবেক সাধারণ সম্পাদক), আজিজুল হক মুন্না (রিয়েলেটর শিক্ষক), মোহাম্মদ ফারুক হোসেন (সাবেক সহ সভাপতি), নূর হোসেন (সাবেক কোষাধ্যক্ষ), কামরুল ইসলাম জয় (সাবেক নাট্য পরিচালক), প্রদীপ ভট্টাচার্য (সাবেক সাংস্কৃতিক সম্পাদক), মহর খান (অভিনয় শিল্পী), মিসেস ইকবাল, বাবুল হাওলাদার, মোহাম্মদ স্বপন মিয়া, আসাদুজ্জামান বাবু মিসেস সুলতানা, মোহাম্মদ রহমত উল্লাহ, কাজী আমজাদ হোসেন (সাবেক সদস্য), আব্দুল বারি ও মোশাররফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

নবনির্বাচিত সভাপতি আখতার বাবুল ও সাধারণ সম্পাদক নাজিয়া জাহান জানান, তারা দ্রুত সময়ের মধ্যেই পূর্ণাঙ্গ কার্যকরী ও উপদেষ্টা কমিটি গঠন করবেন এবং সেটি পত্রিকার মাধ্যমে জনসমক্ষে প্রকাশ করা হবে।

এ সময় বিশেষ ঘোষণা হিসেবে জানানো হয়, ঐতিহাসিক ও জনপ্রিয় কমেডি নাটক "গিরগিটি" শিগগিরই নতুনভাবে মঞ্চস্থ করতে যাচ্ছে জ্যামাইকা থিয়েটার ইনক। এ নাটকটির মাধ্যমে প্রবাসী দর্শকদের মাঝে নতুনভাবে বিনোদনের বার্তা পৌঁছে দেবে আশাবাদী।



এবার জ্যাকসন হাইটে
আমাদের নতুন অফিসে
আপনাকে স্বাগতম

হাসপাতাল ও নার্সিং হোমে
যে কোন ডাক্তারের
রোগী ভর্তি করে থাকি

Barnali Hasan MD
Internal Medicine

ডা. বর্ণালী হাসান
ইন্টারনাল মেডিসিন

Mahfujul Hasan DDS
Implants & Invisalign

ডা. মাহফুজুল হাসান
ডি.ডি.এস

We provide medical services for IMMIGRATION
আমরা ইমিগ্রেশন সেবা প্রদান করি

WE ADMIT ANY PATIENTS at
HOSPITALS & NURSING HOMES

Northwell Health
LONG ISLAND JEWISH MEDICAL CENTER
Forest Hills & New Hyde Park

CALL 917 930 1170

• Primary Care • Annual Exam • Physical Checkup • TLC Test • Diabetes • Immigration • Cholesterol • EKG • • Spiro • PAP Smear • Pregnancy Test • Allergies • TB Test • Vaccinations • Telemedicine & all kind of Medical Services.

Diagnostic & preventive dentistry, General dentistry, Cosmetic dentistry, Teeth whitening, Fillings, Prosthodontics, Caps/crowns, metal-free bridges, full dentures and partial dentures, digital scanning, Endodontics, Rot canal, Orthodontics, Invisalign, Dental implants, Periodontics, Gum disease and most kinds of Dental Services

We accept most Insurances & Medicaid

EFFICIENT MEDICAL CARE PC
DHAKA DENTAL PC

3716 73rd St, Suite 202, Jackson Heights, NY 11372 | Phone: 929 799 8100
4014 Greenpoint Ave, Sunnyside, NY 11104 | Phone: 718 392 2858
17009 Hillside Ave, Jamaica, NY 11432 | Phone: 718 291 2710

গান শিখুন

বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ

সবিতা দাস

উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি



বহ্নিশিখা সঙ্গীত নিকেতন

৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগ: (৭১৮) ৭২১-৩৬৫১, (৭১৮) ৮১০-৬৮৫৮

ARMAN CHOWDHURY, CPA

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

7 DAYS OPEN

AUTHORIZED e-file PROVIDER

718-475-5686

87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET



Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত
আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الاتحاد ETIHAD | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



COMMITTED HOME CARE



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস **TRANSFER** এ সহযোগিতা করে থাকি।

আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট **833-247-5346** নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য **COMMITTED HOME CARE** নাম উল্লেখ্য করতে হবে।




Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

CORPORATE OFFICE:
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

ELECT

JANICE PURVIS

DEMOCRAT FOR CIVIL COURT JUDGE



www.janicepurvisforjudge.com

Vote. Democratic Primary, Tues. June 24

EARLY VOTING JUNE 14-22

Paid for By Janice Purvis for Civil Court Judge

ELECT

JANICE CHEN

DEMOCRAT FOR CIVIL COURT JUDGE



Qualified!
EQUAL JUSTICE FOR BROOKLYN'S CIVIL COURT
"Qualified – Kings County Screening Committee"

PREPARED
QUALIFIED
TRUSTED

Janicechenforcivilcourt.com

Vote. Democratic Primary, Tues. June 24

EARLY VOTING JUNE 14-22

PAID FOR BY JANICE CHEN FOR CIVIL COURT

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস
TRANSFER এ সহযোগিতা দিতে পারি।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।



Syed Alamin
Administrator
Email: cdpap@bestcare.com

Bestcare Corporate
3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 W 36th ST Suit 400, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210



The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা
www.banglapatrikausa.com
বর্ষ ২৯ : সংখ্যা ৩৪ : সোমবার, মে ২৬, ২০২৫
জ্যৈষ্ঠ ১২, ১৪৩২ জিলকদ ২৭, ১৪৪৬
Vol. 29 : Issue 34 : May 26, 2925 USA
Free in NY, Other State $1

লায়ন্স ডিস্ট্রিক্ট ২০-আর২ নির্বাচনে

আসেফ বারী গভর্ণর; শাহনেওয়াজ দ্বিতীয় ভাইস গভর্ণর নির্বাচিত

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক ডিস্ট্রিক্ট লায়ন্সের নেতৃত্বে এসেছেন দুই প্রবাসী বাংলাদেশী, বিশিষ্ট ব্যবসায়ী আসেফ বারী টুটুল ও শাহ নেওয়াজ। গত ১৮ মে রোববার লায়ন্স ডিস্ট্রিক্ট ২০-আর২ নির্বাচনে গভর্নর ও দ্বিতীয় ভাইস গর্ভনর পদে নির্বাচিত হন যথাক্রমে আসেফ বারী টুটুল ও *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচন-২০২৫



এগিয়ে কুওমো-জোহরান: অবস্থান ফিরে পেতে মরিয়া এরিক

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটির আসন্ন মেয়র নির্বাচনের প্রস্তুতি জোরেশোরে এগিয়ে চলেছে। সম্ভাব্য প্রার্থীরা ইতিমধ্যে রাজনৈতিক দল, ইউনিয়ন এবং কমিউনিটি সংগঠনের সমর্থন আদায়ে ব্যস্ত সময় পার করছেন। আগামী ২৪ জুন মেয়র নির্বাচনের প্রাইমারী অনুষ্ঠিত হবে। বর্তমান মেয়র এরিক অ্যাডামস সহ প্রার্থীদের মধ্যে যারা রয়েছেন- সাবেক ষ্টেট গভর্নর অ্যান্ড্রু কুওমো, স্টেট অ্যাসেম্বরীম্যান জোহরান মামদানী, ষ্টেট সিনেটর জেলনর মাইরি ও জেসিকা রামোস, সিটি কাউন্সিল স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস এবং বর্তমান সিটি কম্পট্রোলার ব্র্যান্ড ল্যান্ডার ও সাবেক সিটি কম্পট্রোলার স্কট স্ট্রিংগার।

নিউইয়র্ক সিটির আসন্ন মেয়র নির্বাচনে সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমো নেতিবাচক দৃষ্টিভঙ্গি সত্ত্বেও শীর্ষে রয়েছেন। এদিকে মেয়র নির্বাচনের দৌড়ে স্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানী দ্বিতীয় অবস্থানে রয়েছে। জোহরান মামদানী এ অবস্থান নিয়ে চমক দেখাচ্ছেন। বাংলাদেশিসহ বিভিন্ন কমিউনিটির ভোটারদের কাছে ব্যাপক জনপ্রিয়তা নিয়ে এবারের নির্বাচনে চমক দেখাতে পারেন তিনি। অপরদিকে বর্তমান মেয়র এরিক অ্যাডামস প্রাইমারিতে ডেমাক্র্যাট প্রার্থী না হয়ে স্বাধীন প্রার্থী হওয়ায় নির্বাচনে ভিন্নতা এসেছে। জনপ্রিয়তার অনেকটা তলানীতে *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

শাহ নেওয়াজকে টাইম টিভি-বাংলা পত্রিকার ফুলেল শুভেচ্ছা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী লায়ন শাহ নেওয়াজ অতি সম্প্রতি বাংলাদেশ *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

জ্যামাইকা থিয়েটার ইনক'র সাধারণ সভা

বাবুল সভাপতি-নাজিয়া সাধারণ সম্পাদক

জলি আহমেদ: নিউইয়র্কের জ্যামাইকায় একটি রেস্টুরেন্ট 'স্টার কাবাব রেস্টুরেন্ট ও পার্টি হল'-এ অতি সম্প্রতি অনুষ্ঠিত হলো যুক্তরাষ্ট্রভিত্তিক সাংস্কৃতিক সংগঠন জ্যামাইকা থিয়েটার ইনক-এর *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

ওজনপার্কে যাত্রা শুরু করলো হালাল সুপার মার্কেট 'ফুডিগো'

নিউইয়র্ক: নিউইয়র্ক সিটির ওজনপার্কের ইউক্লিড এভিনিউ ঘিরে পুরো এলাকার চেহারাই পাল্টে দিয়েছে ফুডিগো হালাল সুপার মার্কেট। সেখানকার বায়তুল মামুর মসজিদ সহ আশপাশের বাংলাদেশী কমিউনিটিকে সার্ভ করার প্রত্যয় নিয়ে কয়েকজন বাংলাদেশীর উদ্যোগে যাত্রা শুরু করেছে ফুডিডো। বেড়ে উঠা বাংলাদেশী কমিউনিটির ছোট বড় নির্বিশেষে সকলকে একই ছাদের নীচে সার্ভ করবে ফুডিগো। যার প্রেক্ষিতে সেখানে হালাল মাছ *২৫-এর পৃষ্ঠায় দেখুন*

নব নিযুক্ত কনসাল জেনারেলের সাথে
নিউইয়র্ক স্টেট বিএনপির নেতৃবৃন্দের সাক্ষাৎ

নিউইয়র্ক: প্রবাসীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে নিউইয়র্কে নব নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হকের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল, নিউইয়র্ক ষ্টেট বিএনপির নেতৃবৃন্দ। গত ২০ মে মঙ্গলবার তারা কনস্যুলেট অফিসে তার সাথে সাক্ষাৎ করেন।

এসময় বিএনপির চেয়ারপার্সনের বিশেষ সহকারি পররাষ্ট্র *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

জর্জিয়ায় বাংলাদেশি তরুণীর মৃত্যু নিয়ে নানা রহস্য

**নাযাহ'র পরিবারকে না জানিয়ে ফিউনেরাল সম্পন্ন করেন স্বামী ডেভিড*

বাংলা পত্রিকা রিপোর্ট: জর্জিয়ার আটলান্টায় নাযাহ আনবার নামে বাংলাদেশী এক তরুণী শিক্ষার্থীর মৃত্যু নিয়ে জল্পনা-কল্পনার সৃষ্টি হয়েছে। গত ৯ মে মারা গেলেও ২০ মে মঙ্গলবার ফেসবুকে নাযাহ'র মৃত্যুর খবরটি ভাইরাল হয়। এদিকে মৃত্যু'র ১ দিন পর দেশে পরিবারকে না *২৬-এর পৃষ্ঠায় দেখুন*



শশুর ও স্বামীর সাথে বাংলাদেশি তরুণী নাযাহ

এএসএম রহমত উল্লাহ অসুস্থ : দোয়া কামনা



নিউইয়র্ক: নিউইয়র্ক সিটির ব্রুকলীনের লিটল বাংলাদেশ (চার্চ-ম্যাকডোনাল্ডস) এলাকার দীর্ঘদিনের বাসিন্দা, বিশিষ্ট রাজনীতিক এএসএম রহমত উল্লাহ অসুস্থ অবস্থায় স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার দ্রুত সুস্থতার জন্য বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের এবং টাইম টিভির পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু সকলের দোয়া কামনা করেছেন।

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: ২০২৪ সালের জুলাই-আগষ্টের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে শেখ হাসিনা নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর নোবেল পুরষ্কার বিজীয় একমাত্র বাংলাদেশী প্রফেসর ড. মুহাম্মদ ইনভূসের নেতৃত্বে নতুন অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছে। এই সরকার ৮ মাস হতে চললো। আওয়ামী লীগ সরকারের পতন আর ইউনূস সরকারের ক্ষমতা গ্রহণের পর থেকেই দেশে বিদেশে নানা জল্পনা-কল্পনা চলছে। নিউইয়র্কেও প্রবাসী বাংলাদেশীদের চায়ের আড্ডাতেও চলছে না কথা।

বাস্তবধর্মী চলচ্চিত্র 'এলাইজা' আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে

নিউইয়র্ক: কুইন্স ভিত্তিক বাংলাদেশী চলচ্চিত্র নির্মাতা রাজীদ সিজনের নতুন স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'এলাইজা' *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

তিন দশক ধরে নিউইয়র্কে কমিউনিটির আস্থার প্রতীক
ব্রকলিনে 'মান্নান হালাল সুপার মার্কেট' এর যাত্রা শুরু

মাহবুব রশীদ, *নিউইয়র্ক:* তিন দশক ধরে নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির সহ এশিয়ান ও আমেরিকানদের কাছে আস্থার প্রতীক হিসেবে মান্নান গ্রুপের "মান্নান হালাল সুপার মার্কেট" বেশ প্রসিদ্ধ। সিটির সবকটি বোরোতে এ গ্রুপের বেশ কটি প্রতিষ্ঠান সুনামের সাথে ব্যবসা পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় ব্রকলিনে "মান্নান হালাল সুপার মার্কেট" *২৮-এর পৃষ্ঠায় দেখুন*









Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com